দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ১৯ আগস্ট ২০২৬ ॥ ০৫ রবিঃ আউঃ ১৪৪৮ ॥ ০৫ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৭৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

শোন! ইতিপূর্বে তোমরা যে বিষয়ে কিছু জানতে, তাই নিয়ে বিবাদ করতে। এখন আবার যে বিষয়ে তোমরা কিছুই জান না, সে বিষয়ে কেন বিবাদ করছো?

সূরা আল ইমরান ৬৬

এনবিআরকে মানুষ ভয় করবে না, বিশ্বাস করবে: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় রাজস্ব বোর্ডকে (এনবিআর) আরও জনবান্ধব, দক্ষ ও আধুনিক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার আহ্বান জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

রোহিঙ্গারা 'বাঙালি' নয়, মিয়ানমারের দূতকে ডেকে জানাল সরকার

কীর্তনখোলা ডেস্ক

মিয়ানমার থেকে বাস্তুচ্যুত হয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা জনগোষ্ঠীকে 'বাঙালি' দাবি করে নতুন বিবৃতি ২ এর পাতায় দেখুন

৫ সেপ্টেম্বর ঢাকা-চট্টগ্রাম লংমার্চ সফল করার আহ্বান জামায়াতের

কীর্তনখোলা ডেস্ক

আগামী ৫ সেপ্টেম্বর ঢাকা থেকে চট্টগ্রাম লংমার্চ কর্মসূচি সফল করতে সংশ্লিষ্ট এলাকার সর্বস্তরের নেতাকর্মীসহ দেশবাসীর ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রপতি নির্বাচনে কীভাবে ভোট দেবেন সংসদ সদস্যরা জানালেন ইসি সচিব

কীর্তনখোলা ডেস্ক

রাষ্ট্রপতি নির্বাচনে ক্ষমতাসীন দল ও বিরোধী জোটের দুই প্রার্থীর মনোনয়ন ফরম বৈধ হওয়ার পর নির্ধারিত সময়ের ২ এর পাতায় দেখুন

ভাত কম রান্না করায় মাকে পিটিয়ে মারলো ছেলে

মেহেদি হাসান, কাউখালী

পিরোজপুরের কাউখালী উপজেলায় ভাত কম রান্না করায় লাঠি দিয়ে পিটিয়ে মা কানন বালাকে (৬৫) হত্যার অভিযোগ উঠেছে ছেলে সুজন বালার (৩০) বিরুদ্ধে। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে সুজন বালাকে আদালতে পাঠানো হয়। রোববার (১৬ আগস্ট) রাতে উপজেলার শিয়ালকাঠি ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডে এই ঘটনাটি ঘটে। নিহত কানন বালা ওই গ্রামের সুনীল বালার স্ত্রী। পুলিশ সূত্রে জানা যায়, সুজন বালা রোববার রাতে বাইরে থেকে বাড়িতে ফিরে ভাত খেতে যায়। এ সময় সে পাতিলে ভাত কম দেখতে পেয়ে এ নিয়ে মায়ের সাথে তার কথা কাটাকাটি হয়। একপর্যায়ে রাত সাড়ে বারোটার দিকে সুজন লাঠি দিয়ে মা কানন বালার মাথায় ও কানে আঘাত করে। এতে সে গুরুত্ব আহত হয়ে ঘরে পড়ে থাকেন। পরে ভোরে সুজন ঘুম থেকে উঠে পরিবারের লোকজনের সহায়তায় তাকে প্রথমে কাউখালী স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। তার অবস্থা গুরুতর হওয়ায় হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরন করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সোমবার (১৭ আগস্ট) সকাল সাড়ে নয়টার দিকে তার মৃত্যু হয়। এ বিষয়ে কাউখালী থানার ওসি (তদন্ত) মোঃ এবাদ আলী মোল্লা বলেন, "এ ঘটনায় নিহত কানন বালার ভাই প্রদীপ মিস্ত্রী বুলু বাদী হয়ে একটি মামলা দায়ের করেন। পরে পুলিশ অভিযান চালিয়ে সুজন বালাকে গ্রেফতার করে। আইনি প্রক্রিয়া শেষে মঙ্গলবার (১৮ আগস্ট) তাকে আদালতে সোপর্দ করা হয়েছে।"

৫ ধরনের ভাতা দেবে সরকার

আবেদনের শেষ সময় ৩১ আগস্ট

কীর্তনখোলা ডেস্ক

সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৬-২৭ অর্থবছরের বিভিন্ন ভাতা ও শিক্ষা উপবৃত্তির জন্য অনলাইনে আবেদনের সময় বাড়িয়েছে সরকার। সফটওয়্যার, ইন্টারনেট ও বিদ্যুৎ সমস্যার কারণে অনেকেই নির্ধারিত সময়ে আবেদন করতে না পারায় নতুন করে ৩১ আগস্ট পর্যন্ত আবেদনের সুযোগ দেওয়া হয়েছে। গত ১৫ আগস্ট সমাজসেবা অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা অধিশাখা থেকে এ সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি জারি করা হয়। এতে স্বাক্ষর করেন অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা বিভাগের পরিচালক মো. মোশাররফ হোসেন। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৬-২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা ৩ এর পাতায় দেখুন

বরিশালে ভয়াবহ রূপ নিচ্ছে ডেঙ্গু

কীর্তনখোলা রিপোর্ট

ডেঙ্গু পরিস্থিতি বরিশালে ক্রমেই অবনতির দিকে যাচ্ছে। বিভাগের ছয় জেলার মধ্যে পিরোজপুরে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা সবচেয়ে বেশি। পিরোজপুরের এই অবস্থা সারা দেশকে ছাড়িয়ে যাচ্ছে। গত ২৪ ঘণ্টায় বিভাগের ৬ জেলার বিভিন্ন হাসপাতালে ১০২ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছে। এর মধ্যে পিরোজপুরে ২৬ জন। কেন পিরোজপুরে ডেঙ্গুর সংক্রমণ সবচেয়ে বেশি; তার তিনটি কারণ দেখিয়েছে রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) প্রতিনিধিদল। এগুলো হচ্ছে- মানুষের সচেতনতার অভাব; অধিকাংশ বাড়ির ভেতরে কুয়া করে গাছ লাগানো এবং নেছারাবাদ উপজেলায় নার্সারিতে এডিস মশার উপস্থিতি পাওয়া গেছে। এ বিষয়ে জানতে চাইলে পিরোজপুরের সিভিল সার্জন মো. মতিউর রহমান বলেন, গত সপ্তাহে ২ এর পাতায় দেখুন

পিরোজপুরে মানবপাচার মামলায় পাঁচজনের ১০ বছরের কারাদণ্ড

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরে মানব পাচার প্রতিরোধ ও দমন আইনের মামলায় পাঁচ আসামিকে ১০ বছর করে সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে প্রত্যেককে ৫ লাখ টাকা করে জরিমানা, অনাদায়ে আরও ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। মঙ্গলবার (১৮ আগস্ট) পিরোজপুরের মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক ও জেলা ও দায়রা জজ মেহেদী আল মাসুদ এ রায় ঘোষণা করেন। দণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন- মঠবাড়িয়া উপজেলার ঘটিচোরা এলাকার মো. কুদ্দুস, হবিগঞ্জের বাহুবল এলাকার মো. কাসেম ওরফে কাদের মোল্লা, চাঁদপুরের শাহরাস্তি এলাকার রবিউল আলম ওরফে মানিক, নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ এলাকার জামাল সিকদার ২ এর পাতায় দেখুন

পুলিশের আচরণগত সমস্যা দূর করতে বিশেষ প্রশিক্ষণের উদ্যোগ: ডিআইজি

কীর্তনখোলা রিপোর্ট

পুলিশ সদস্যদের আচরণগত সংকট দূর করে পেশাদারিত্ব নিশ্চিত করা এবং মাঠপর্যায়ের বস্তুনিষ্ঠ তথ্য কাজে লাগিয়ে অপরাধ দমনে সাংবাদিকদের সহযোগিতার আহ্বান জানিয়েছেন বরিশালের নবাগত রেঞ্জ ডিআইজি মো. জুলফিকার আলী হায়দার। মঙ্গলবার (১৮ আগস্ট) বেলা ১১টায় বরিশাল পুলিশ লাইনসে রেঞ্জ ডিআইজি কার্যালয়ের আয়োজনে সাংবাদিকদের সাথে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় এ কথা বলেন তিনি। সভায় রেঞ্জ ডিআইজি বলেন, সাংবাদিকরা মাঠপর্যায়ে তথ্য সংগ্রহের মূল কারিগর। তাদের কাছে অপরাধ ও আইনশৃঙ্খলা সংক্রান্ত যে বাস্তব ২ এর পাতায় দেখুন

বাংলাদেশের সঙ্গে সুসম্পর্ক চায় ভারত: রণধীর জয়সওয়াল

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের সঙ্গে ভারত গঠনমূলক ও ইতিবাচক সম্পর্ক বজায় রাখতে চায় বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। মঙ্গলবার নয়াদিল্লিতে ভারতের পররাষ্ট্রমন্ত্রণালয়ের নিয়মিত সাপ্তাহিক সংবাদ ব্রিফিংয়ে ওই মন্তব্য করেছেন তিনি। ব্রিফিংয়ে জয়সওয়াল বলেছেন, বাংলাদেশের জ্বালানি সংকট মোকাবিলায় অতিরিক্ত জ্বালানি সরবরাহের অনুরোধ ইতিবাচকভাবে বিবেচনা করছে ভারত। প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর নিয়ে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি বলেন, এ বিষয়ে জানানোর মতো নতুন কোনো তথ্য নেই এবং নতুন হালনাগাদ তথ্য এলে পরবর্তীতে জানানো হবে। তবে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে আগেই ভারত সফরে আসার জন্য উষ্ণ আমন্ত্রণ জানিয়ে রাখা হয়েছে বলে জানিয়েছেন তিনি। এর আগের এক ২ এর পাতায় দেখুন

কাউনিয়া সর্বজনীন শ্রীশ্রী মনসা মন্দিরে বস্ত্র বিতরণ করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

ছোট বোনের পরকীয়া দেখে ফেলায় বড় বোনকে ধর্ষণচেষ্টা

বরগুনা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটায় ছোট বোনের সঙ্গে এক ব্যক্তির কথিত পরকীয়া সম্পর্কের বিষয়টি দেখে ফেলায় বড় বোনকে ধর্ষণের চেষ্টা ও মারধরের অভিযোগে মামলা হয়েছে। ধর্ষণে ব্যর্থ হয়ে ওই নারীকে টর্চলাইট দিয়ে পিটিয়ে আহত করার অভিযোগও করা হয়েছে। এ ঘটনায় নাসির উদ্দিন (৩৫) ও তাঁর সহযোগী রুস্তমকে আসামি করা হয়েছে। বরগুনার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক জেলা ও দায়রা জজ মো. ওসমান গনি মামলাটি গ্রহণ করেন। একই সঙ্গে অভিযোগের বিষয়ে অনুসন্ধান করে সাত কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে পাথরঘাটার লেমুয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে নির্দেশ দিয়েছেন আদালত। মামলার প্রধান আসামি নাসির উদ্দিন পাথরঘাটা উপজেলার কালিপুর গ্রামের আমির আলীর ছেলে। মামলার বাদী ও ভুক্তভোগী নারীর অভিযোগ, তিনি ও তাঁর ছোট বোন ২ এর পাতায় দেখুন

গৌরনদীতে মাদ্রাসা শিক্ষককে বেঁধে বাসায় ডাকাতি

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদীতে প্রবাসীর বসতবাড়িতে ডাকাতির রেশ কাটতে না কাটতেই এবার এক মাদ্রাসা শিক্ষকের ঘরে ডাকাতির ঘটনা ঘটেছে। সোমবার (১৭ আগস্ট) দিবাগত রাত ৩টার দিকে গৌরনদী পৌরসভার কাসেমাবাদ-গেরাকুল গ্রামের মধ্যবর্তী এলাকার বাসিন্দা আনোয়ার হোসেন বেপারীর বসতঘরে এ ঘটনা ঘটে। ভুক্তভোগী আল-হেলাল একাডেমির শিক্ষক আবুল হোসেন জানান, সোমবার দিবাগত রাত আনুমানিক ৩টার দিকে ৫-৬ জনের একদল সশস্ত্র ডাকাত বসতঘরের দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে। একপর্যায়ে ডাকাতেরা তাকে ও তার ছেলেকে অস্ত্রের মুখে জিম্মি করে বেঁধে ফেলে। এরপর ঘরে তল্লাশি চালিয়ে সাড়ে ২ এর পাতায় দেখুন

মাদকাসক্ত বাবার ভয়ে থানায় শিশুকন্যা, বিএনপি নেতাকে অব্যাহতি

পিরোজপুর প্রতিনিধি

বাবার কাছে নিরাপত্তাহীনতায় ভুগে পিরোজপুরের জিয়ানগর থানায় এসে আশ্রয় নেওয়া ১২ বছরের এক শিশুকে ভান্ডারিয়ার সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্রে রাখা হয়েছে। এদিকে অভিযুক্ত বাবা চণ্ডীপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক সাফায়েত হাওলাদারকে দলীয় শৃঙ্খলাভঙ্গ ও নৈতিক স্খলনের অভিযোগে দল থেকে অব্যাহতি দিয়েছে জেলা বিএনপি। রোববার (১৬ আগস্ট) শিশুটির নিরাপত্তা নিশ্চিত করতে ইন্দুরকানী থানায় সাধারণ ডায়েরি (জিডি) করা হয়। জিডি ও সংশ্লিষ্ট আবেদনের তথ্য অনুযায়ী, উপজেলার চণ্ডীপুর ইউনিয়নের ২ এর পাতায় দেখুন



বরিশালে অস্বাস্থ্যকর পরিবেশে রেস্তোরাঁ পরিচালনা, ৩ প্রতিষ্ঠানকে জরিমানা

কীর্তনখোলা রিপোর্ট

নগরীর কাটপট্টি রোড এলাকায় অসাধু ব্যবসা ও অবৈধ দখলের বিরুদ্ধে অভিযান চালিয়েছে বরিশাল সিটি কর্পোরেশন (বিসিসি)। অভিযানের সময় অস্বাস্থ্যকর পরিবেশে খাবার পরিবেশন এবং পথচারীদের চলাচলের সড়ক দখল করার অপরাধে ৩টি ব্যবসা প্রতিষ্ঠানকে অর্থদণ্ড প্রদান করা হয়। মঙ্গলবার (১৮ আগস্ট) বরিশাল সিটি কর্পোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. রায়হান উজ জামানের নেতৃত্বে এই মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযান সূত্র জানায়, অস্বাস্থ্যকর ও অপরিচ্ছন্ন পরিবেশে রেস্তোরাঁ পরিচালনা করার দায়ে কাটপট্টি এলাকার জনপ্রিয় ঘোরোয়া রেস্তোরাঁ ও হোটেলকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫৩ ধারায় জরিমানা করা হয়। এছাড়া জনসাধারণের চলাচলের ফুটপাত ও সড়ক দখল করে ব্যবসা পরিচালনার অপরাধে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৯২(৭) ধারায় ২টি প্রতিষ্ঠানকে অর্থদণ্ডে দণ্ডিত করা হয়। অভিযানের অংশ হিসেবে চলাচলের পথ সুগম করতে সড়ক থেকে অবৈধ স্থাপনাও তাৎক্ষণিকভাবে উচ্ছেদ ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

টেকসই উন্নয়ন প্রয়োজন

মাস যায়, বছর যায় আমাদের কৃষিতে সুদিন আসে না। কৃষকের দুর্দিনও ঘোচে না। অথচ কৃষকের আয় বৃদ্ধি, ফসলের উৎপাদনশীলতা বাড়ানোসহ নানা লক্ষ্যে হাজার কোটি টাকার উন্নয়ন প্রকল্প 'বাস্তবায়িত' হয়, কিন্তু প্রকল্পের সুফল টেকসই হয় না। কোথাও দেখা গেছে, প্রকল্প চলাকালে কিছু সুফল মিললেও মেয়াদ শেষ হতে না হতেই আগের অবস্থায় ফিরে এসেছে, যা অত্যন্ত হতাশাজনক। বিগত দেড় দশকে দেশের কৃষি খাতে সরকারি ও উন্নয়ন সহযোগীদের অর্থায়নে অসংখ্য প্রকল্প বাস্তবায়িত হয়েছে। কাগজে-কলমে বেশির ভাগ প্রকল্পকে 'সফলভাবে সমাপ্ত' দেখানো হলেও মাঠ পর্যায়ে দেখা গেছে উল্টো চিত্র। অর্থাৎ যে লক্ষ্যে প্রকল্প নেওয়া হয়েছিল, তা অর্জিত হয়নি। সংশ্লিষ্টজনরা বলছেন, সঠিক পরিকল্পনার অভাব এবং 'প্রকল্প-উত্তর পরিচালনাব্যবস্থা' না থাকায় হাজার কোটি টাকার এসব বিনিয়োগের টেকসই ফল পাওয়া যাচ্ছে না। এ ছাড়া অভিযোগ রয়েছে, প্রকল্পের সম্ভাব্যতা মূল্যায়ন না করেই অনেক প্রকল্প হাতে নেওয়া হয়। দেশের বিভিন্ন জেলায় সরেজমিনে গিয়ে খোঁজ নিয়ে জানা গেছে, প্রকল্প চলাকালে গঠিত কৃষকদল, নির্মিত সেচনালা ও সরবরাহকৃত যন্ত্রপাতি মেয়াদ শেষ হওয়ার পর সঠিক তদারকির অভাবে নিষ্ক্রিয় হয়ে পড়ে। কৃষক শাহাজাহানের মুখেও শোনা গেছে একই তথ্য। তিনি বলেন, প্রকল্পের কর্মকর্তারা এসে প্রশিক্ষণ দিয়ে যান, কিন্তু প্রকল্প শেষ হওয়ার পর আর কেউ খোঁজ নেন না। অন্যদিকে এক উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তার মতে, প্রকল্প চলাকালে লক্ষ্যমাত্রা পূরণের চাপ থাকে। এ কারণে গভীর প্রভাব বা টেকসই সুবিধার চেয়ে সংখ্যাগত অর্জন দেখানোর দিকেই বেশি মনোযোগ দেওয়া হয়। খবরে বলা হয়েছে, ইউনিয়ন পর্যায়ে কৃষক সেবা কেন্দ্র স্থাপন ও প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্পটি গত বছর শেষ হলেও এর বাস্তবায়ন ও স্থায়িত্ব নেই। সেবাকেন্দ্রের ভবনগুলোতে নিরাপত্তাকর্মী না থাকায় নিরাপত্তাঝুঁকি রয়েছে। পাশাপাশি ভবনগুলোর নিয়মিত রক্ষণাবেক্ষণ, মেরামত ও সংস্কারের জন্য কোনো বাজেট বরাদ্দ রাখা হয়নি। ফলে ভবনগুলোর দীর্ঘ মেয়াদে ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। এতে সেবা কার্যক্রম ব্যাহত হয়েছে। বেশির ভাগ প্রকল্পের ফলাফলই এমন। কৃষি অর্থনীতিবিদ ড. জাহাঙ্গীর আলম খান যথার্থই বলেছেন কোনো প্রকল্পের দীর্ঘস্থায়ী সুফল নিশ্চিত করা গেলে তবেই প্রকল্প গ্রহণের সার্থকতা থাকে। এদিকে কৃষি মন্ত্রণালয়ের অধীনে বর্তমানে ২০ হাজার কোটি টাকার বেশি ব্যয়ে একাধিক উন্নয়ন প্রকল্প চলমান। আমরা মনে করি, চলমান প্রকল্পগুলো সঠিকভাবে পরিচালিত হবে। দেশের কৃষি খাতের প্রকৃত রূপান্তরের জন্য শুধু অর্থ ব্যয় বা সংখ্যাভিত্তিক অর্জন দেখলে হবে না বাস্তব ও টেকসই পরিবর্তনের দিকে নজর দেওয়া প্রয়োজন।

রাষ্ট্রপতি নির্বাচনে কীভাবে

মধ্যে কেউ প্রত্যাহার করেননি। ফলে ৩৫ বছর পর আবারও রাষ্ট্রপতি পদে সরাসরি ভোট হতে যাচ্ছে। আগামী ২০ আগস্ট জাতীয় সংসদের অধিবেশন কক্ষে ভোট দেবেন সংসদ সদস্যরা। রাষ্ট্রপতি নির্বাচনে সংসদ সদস্যরা কীভাবে ভোট দেবেন, ব্যালট কীভাবে গ্রহণ ও পূরণ করবেন এবং ভোট গণনা শেষে কীভাবে ফল ঘোষণা হবে, তা জানিয়েছেন নির্বাচন কমিশনের (ইসি) সচিব আখতার আহমেদ। মঙ্গলবার (১৮ আগস্ট) আগারগাঁওয়ে নির্বাচন কমিশনে এক সংবাদ সম্মেলনে তিনি এসব তথ্য জানান। ইসি সচিব বলেন, রাষ্ট্রপতি নির্বাচন আইন, ১৯৯১ অনুযায়ী মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ সময় মঙ্গলবার বিকেল ৪টা পর্যন্ত ছিল। নির্ধারিত সময়ের মধ্যে কোনো প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার করেননি। ফলে আগামী ২০ আগস্টের নির্বাচনে বিএনপির প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং জামায়াতের নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্যের প্রার্থী কর্নেল (অব.) অলি আহমদ প্রতিদ্বন্দ্বিতা করবেন। তিনি জানান, আগামী ২০ আগস্ট দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জাতীয় সংসদের সংসদ কক্ষে ভোট গ্রহণ করা হবে। ভোট শুরুর আগে নির্বাচনকর্তা প্রধান নির্বাচন কমিশনার ভোট গ্রহণের পদ্ধতি সম্পর্কে সংসদ সদস্যদের অবহিত করবেন। এরপর ভোট গ্রহণ শুরু হবে। ভোট দেওয়ার প্রক্রিয়া তুলে ধরে আখতার আহমেদ বলেন, ব্যালট পেপারের দুটি অংশ থাকবে। একটি মুড়ি অংশ এবং অন্যটি মূল ব্যালট পেপার। মুড়ি অংশে থাকবে ক্রমিক নম্বর, ভোটদানকারী সংসদ সদস্যের নাম এবং বিভক্তি নম্বর। এর নিচে একটি নির্দিষ্ট স্থানে সংশ্লিষ্ট সংসদ সদস্য পূর্ণ নাম লিখে স্বাক্ষর করবেন। এরপর ব্যালট পেপার গ্রহণ করবেন। মূল ব্যালট পেপারের ডান পাশে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম বাংলা বর্ণমালার আদ্যাক্ষর অনুযায়ী মুদ্রিত থাকবে। প্রার্থীদের নামের পাশে নির্ধারিত স্থানে সংসদ সদস্যরা পূর্ণ নাম লিখে স্বাক্ষর করে ভোট দেবেন। ভোট দেওয়ার পর নির্ধারিত ব্যালট বাক্সে ব্যালট পেপার জমা দিতে হবে। বিকেল ৫টা পর্যন্ত ব্যালট গ্রহণ করা হবে। ভোট গ্রহণ শেষ হওয়ার পরই ব্যালট গণনা শুরু হবে। ইসি সচিব জানান, মোট ভোটার ৩৪৯ জন। গণনার সময় কতজন ভোট দিয়েছেন, কতটি ব্যালট বৈধ হয়েছে, কতটি বাতিল হয়েছে এবং কতটি ব্যালট অব্যবহৃত রয়েছে, তা হিসাব করা হবে। এরপর প্রার্থীদের প্রাপ্ত বৈধ ভোটের হিসাব করা হবে। যে প্রার্থী বেশি ভোট পাবেন, তাকে নির্বাচনকর্তা বিজয়ী ঘোষণা করবেন। পরে নির্বাচন কমিশনে ফিরে ফলাফল অনুযায়ী গেজেট প্রকাশ করা হবে।

৫ সেপ্টেম্বর ঢাকা-চট্টগ্রাম

প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। গণভোটের রায় বাস্তবায়ন ও বৈষম্যহীন বাংলাদেশ গড়ার লক্ষ্যে ঘোষিত চারটি লংমার্চ কর্মসূচির অংশ হিসেবে এ কর্মসূচি অনুষ্ঠিত হবে। লংমার্চ শান্তিপূর্ণ, সুশৃঙ্খল ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কমিটি গঠন এবং দায়িত্ব বণ্টন করেছে দলটি। রাজধানীর মগবাজারে কেন্দ্রীয় কার্যালয়ে 'লংমার্চ' বাস্তবায়ন কমিটির এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয় বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বৈঠকে সভাপতিত্ব করেন। এর আগে গত ৬ আগস্ট ১১ দলীয় ঐক্যের পূর্বঘোষণা অনুযায়ী গণভোটের রায় বাস্তবায়ন ও বৈষম্যহীন বাংলাদেশ গড়ার লক্ষ্যে দেশব্যাপী চারটি লংমার্চ কর্মসূচি ঘোষণা করা হয়। ঘোষিত কর্মসূচি অনুযায়ী, আগামী ৫ সেপ্টেম্বর ঢাকা থেকে চট্টগ্রাম, ১৯ সেপ্টেম্বর ঢাকা থেকে রংপুর, ১০ অক্টোবর ঢাকা থেকে খুলনা এবং ২৪ অক্টোবর ঢাকা থেকে সিলেট লংমার্চ অনুষ্ঠিত হবে। এর মধ্যে চট্টগ্রাম, রংপুর ও খুলনার লংমার্চ সড়কপথে এবং সিলেটের লংমার্চ রেলপথে অনুষ্ঠিত হবে। কর্মসূচির ধারাবাহিকতায় আগামী ১৪ নভেম্বর ঢাকায় মহাসমাবেশ করার কথাও জানিয়েছে দলটি। বৈঠকে লংমার্চগুলো শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে বাস্তবায়নের জন্য বিভিন্ন কমিটি গঠন এবং সংশ্লিষ্টদের মধ্যে দায়িত্ব বণ্টন করা হয়। একই সঙ্গে কর্মসূচি সফল করতে সংশ্লিষ্ট এলাকার সর্বস্তরের জনশক্তি ও দেশবাসীর প্রতি সর্বাত্মক সহযোগিতার আহ্বান জানানো হয়। বৈঠকে উপস্থিত ছিলেন, জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এটিএম মা'ছুম, মাওলানা রফিকুল ইসলাম খান, ড. এএইচএম হামিদুর রহমান আযাদ, মাওলানা আবদুল হালিম, মাওলানা মুহাম্মাদ শাহজাহান, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য সাইফুল আলম খান মিলন, ঢাকা মহানগরী দক্ষিণের আমীর নূরুল ইসলাম বুলবুল, ঢাকা মহানগরী উত্তরের আমীর মো. সেলিম উদ্দিন, মহানগরী উত্তরের সেক্রেটারি ড. মো. রেজাউল করিমসহ কেন্দ্রীয় ও মহানগরীর নেতারা।

রোহিঙ্গারা 'বাঙালি' নয়,

দিয়েছে মিয়ানমারের পররাষ্ট্র মন্ত্রণালয়। মিয়ানমারের দাবি প্রত্যাখ্যান ক?রে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বলছে, রোহিঙ্গাদের 'বাঙালি' হিসেবে উল্লেখ করা সঠিক নয়। মঙ্গলবার (১৮ আগস্ট) পররাষ্ট্র মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত উ কিয়াও সোয়ে মোর সঙ্গে বৈঠক করে বাংলাদেশের অবস্থান তুলে ধরেন মিয়ানমার অনুবিভাগের মহাপরিচালক তৌফিক-উর-রহমান। বৈঠকে গত ১৫ আগস্ট মিয়ানমারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রকাশিত রোহিঙ্গা বিষয়ক বিবৃতির প্রসঙ্গ তুলে ধরে মহাপরিচালক বলেন, ওই বিবৃতির তথ্যই ভুল পরিসংখ্যানের ওপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। বিশেষ করে বাস্তুচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠীর সংখ্যা নিয়ে মিয়ানমারের দেওয়া তথ্য সঠিক নয় বলে বাংলাদেশের পক্ষ থেকে জানানো হয়। জাতিসংঘ ব্যবস্থায় নিবন্ধিত তথ্য অনুযায়ী বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের প্রকৃত সংখ্যা প্রতিফলিত হয়েছে। এ ছাড়া, বিদ্যমান দ্বিপক্ষীয় চুক্তি ও সমঝোতার আলোকে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের যাচাই প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার আহ্বান জানানো হয়। বাংলাদেশের পক্ষ থেকে জানানো হয়, ২০১৭ সালের পর রাখাইন থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত হয়ে আসা নতুন রোহিঙ্গা এবং ক্যাম্পে জন্ম নেওয়া শিশুদের তথ্যও যাচাই প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করতে হবে। বর্তমানে ৮ লাখ ২৮ হাজার ৮২৪ জন রোহিঙ্গার হিসাবের পর অতিরিক্ত নিবন্ধিতদের তথ্য বাংলাদেশ যথাসময়ে মিয়ানমারের কাছে হস্তান্তর করবে বলেও জানানো হয়। বৈঠকে আরও বলা হয়, রোহিঙ্গাদের 'বাঙালি' হিসেবে উল্লেখ করা সঠিক নয়। তারা নিজস্ব জাতিগত পরিচয়সম্পন্ন একটি জনগোষ্ঠী, যা মিয়ানমার কর্তৃপক্ষও সাম্প্রতিক সময় পর্যন্ত স্বীকার করে এসেছে। বাংলাদেশের উদ্বেগ ও পর্যবেক্ষণ নিজ সরকারের কাছে পৌঁছে দেওয়ার আশ্বাস দেন মিয়ানমারের রাষ্ট্রদূত উ কিয়াও সোয়ে মো। তিনি বলেন, যাচাই প্রক্রিয়া দ্রুত এগিয়ে নিয়ে গিয়ে যাচাইকৃত রোহিঙ্গাদের প্রত্যাবাসন শুরুর বিষয়ে তার সরকার প্রতিশ্রুতিবদ্ধ। বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে পুনর্ব্যক্ত করা হয়, রোহিঙ্গা সংকটের একমাত্র টেকসই সমাধান হলো রাখাইনে তাদের নিরাপদ, মর্যাদাপূর্ণ ও স্বেচ্ছামূলক প্রত্যাবাসন নিশ্চিত করা।

এনবিআরকে মানুষ ভয়

প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, রাজস্ব ব্যবস্থাপনার ওপর করদাতাদের আস্থা ও বিশ্বাস তৈরি হলে রাজস্ব আহরণ অনেক সহজ হয়ে যায়। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে 'রাজস্ব সম্মেলন-২০২৬'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এ সম্মেলনের আয়োজন করে। প্রধানমন্ত্রী বলেন, এনবিআরের কার্যক্রম, রাজস্ব ব্যবস্থাপনার নীতি ও পদ্ধতি এবং এর আধুনিকায়নসহ সংশ্লিষ্ট বিষয়ে তিনি কর্মকর্তাদের বক্তব্য শুনেছেন। তবে তিনি এই রাজস্ব সম্মেলনকে সাধারণ কোনো সম্মেলন হিসেবে দেখেন না। তিনি বলেন, এনবিআরের কার্যক্রমের সাফল্যের ওপর সরকারের সব উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের সফলতা অনেকাংশে নির্ভরশীল। তাই আজকের সম্মেলন আগামী দিনে এনবিআরের আরও বেশি সাফল্যের পথনির্দেশনার সম্মেলন হবে বলে আশা করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, কী ধরনের ভঙ্গুর অর্থনীতির মধ্য দিয়ে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নেওয়া হয়েছে, তা দেশের যেকোনো শ্রেণি-পেশার মানুষের চেয়ে এনবিআর কর্মকর্তারা বেশি অবগত। তিনি বলেন, দীর্ঘ দেড় দশকের ফ্যাসিবাদী শাসন-শোষণের অভিশাপ থেকে রাষ্ট্রের অন্য সব প্রতিষ্ঠানের মতো জাতীয় রাজস্ব বোর্ডও মুক্ত থাকতে পারেনি। এনবিআরের নীতি ও নিয়ম উপেক্ষা করে ব্যক্তি কিংবা দলীয় স্বার্থে কাউকে পৃষ্ঠপোষকতা, কারও প্রতি বিরূপ মনোভাব এবং রাজস্ব আহরণে স্বেচ্ছাচারিতা এনবিআরকে প্রশ্নবিদ্ধ করেছিল বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। এতে এনবিআরের ওপর মানুষের আস্থা বিনষ্ট হয়েছিল বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, 'ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশে এবার আমাদের ঘুরে দাঁড়ানোর পালা।' দেশের জনগণ বর্তমানে এনবিআরকে একটি নির্ভরযোগ্য ও বিশ্বস্ত প্রতিষ্ঠান হিসেবে দেখতে চায় উল্লেখ করে তিনি বলেন, বিশেষ করে করদাতারা এনবিআরকে তাদের আস্থাভাজন প্রতিষ্ঠান হিসেবে দেখতে চান। দক্ষ ও টেকসই রাজস্ব ব্যবস্থাপনার মাধ্যমেই জনআস্থা অর্জন সম্ভব উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, করদাতাদের সেই প্রত্যাশা পূরণের দায়িত্ব এনবিআরকেই নিতে হবে। বর্তমান সরকার এনবিআর তথা রাজস্ব কাঠামোকে জনবান্ধব হিসেবে গড়ে তুলতে বদ্ধপরিকর। প্রধানমন্ত্রী বলেন, বিতাড়িত পতিত পলাতক ফ্যাসিস্ট চক্র দেশকে চূড়ান্তভাবে একটি ঋণনির্ভর ও আমদানিনির্ভর রাষ্ট্রে পরিণত করে গণঅভ্যুত্থানের মুখে পালিয়েছে। বর্তমান সরকার শুধু বৈদেশিক সহায়তার ওপর নির্ভর করে ভবিষ্যৎ প্রজন্মের ওপর অতিরিক্ত ঋণের বোঝা চাপিয়ে দেওয়ার নীতির বিরোধী বলে জানান তিনি। তাই রাজস্ব আহরণে অভ্যন্তরীণ আয়ের ক্ষেত্র ও উৎস বাড়াতে হবে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, আয়ের ক্ষেত্র ও উৎস বাড়াতে সরকার গণমুখী উৎপাদন নীতি গ্রহণ করেছে। এর ফলে দেশে বিনিয়োগ বাড়বে, ব্যবসা-বাণিজ্য ও শিল্পায়ন বাড়বে, মানুষের আয় বাড়বে, ব্যাপক কর্মসংস্থান হবে এবং জনগণ আরও উন্নত সরকারি সেবা পাবে। এ ক্ষেত্রেও এনবিআরের আরও দক্ষ ও কার্যকর ভূমিকা অনস্বীকার্য বলে মন্তব্য করেন তিনি।

বরিশালে অস্বাস্থ্যকর পরিবেশে রেস্তোরাঁ

করে বিসিসি'র আভিযানিক দল। একই অভিযানে বৈধ ট্রেড লাইসেন্স ছাড়া ব্যবসা চালানোর দায়ে অপর একটি প্রতিষ্ঠানকে সিটি কর্পোরেশন আইনের ৯২(৩) ধারায় জরিমানা করা হয়। বিসিসির এই অভিযানে ৩টি প্রতিষ্ঠান থেকে মোট ১১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে। অভিযান পরিচালনাকালে যে সকল ব্যবসায়ী এখনো ট্রেড লাইসেন্স নবায়ন করেনি, তাদের দ্রুত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য কঠোরভাবে সতর্ক করা হয়। নগরবাসীর দুর্ভোগ লাঘব এবং নিরাপদ খাদ্য নিশ্চিত করতে সিটি কর্পোরেশনের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. রায়হান উজ জামান।

পুলিশের আচরণগত সমস্যা দূর করতে

তথ্য থাকে, তা পুলিশের কাজকে অনেক সহজ করতে পারে। পুলিশ ও সংবাদকর্মী উভয়ে সমন্বিতভাবে কাজ করলে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির দৃশ্যমান উন্নয়ন সম্ভব। একা পুলিশের পক্ষে শত চেষ্টা করেও জনসম্পৃক্ততা ছাড়া সর্বাত্মক নিরাপত্তা নিশ্চিত করা কঠিন। অঞ্চলের সাম্প্রতিক অপরাধচিত্র তুলে ধরে ডিআইজি জুলফিকার আলী হায়দার বলেন, বর্তমানে সাইবার অপরাধ ও অনলাইন প্রতারণা মারাত্মক রূপ নিয়েছে। এছাড়া বরিশালে মাদক, কিশোর গ্যাং এবং বিশেষ করে বর্ষা মৌসুমে ডাকাতির উপদ্রব বেড়েছে। এসব অপরাধ নিয়ন্ত্রণে গণমাধ্যমের বস্তুনিষ্ঠ পরামর্শ ও সহযোগিতা নিয়ে পুলিশি তৎপরতা আরও জোরদার করা হবে। পুলিশের প্রতি জনগণের আস্থা ও সেবা প্রদানের ঘাটতি প্রসঙ্গে স্বতঃস্ফূর্ত আলাপকালে তিনি বলেন, পুলিশের অন্যতম বড় দুর্বলতা হলো আচরণগত সমস্যা ও সহমর্মিতার অভাব। থানায় সেবা নিতে আসা ভুক্তভোগীদের সাথে কনস্টেবল বা ডিউটি অফিসারদের মানবিক আচরণ করা উচিত। এ ঘাটতি মেটাতে আইজিপির নির্দেশনায় ট্রেনিং সেন্টারগুলোতে সদস্যদের আচরণগত রূপান্তরের জন্য বিশেষ প্রশিক্ষণ দেয়া হচ্ছে। উর্ধ্বতন কর্মকর্তারাও নিজেদের ইতিবাচক আচরণের মাধ্যমে অধস্তনদের সামনে দৃষ্টান্ত স্থাপনের চেষ্টা করছেন। তিনি আরও যোগ করেন, সামাজিক ও শিক্ষা ব্যবস্থার নানাবিধ ঘাটতি পুলিশের আচরণে প্রতিফলিত হয়। এর টেকসই সমাধানের জন্য হাইস্কুল ও কলেজে কমিউনিটি পুলিশিং বাড়িয়ে শিক্ষার্থীদের আচরণগত উন্নয়ন এবং মাদক থেকে দূরে রাখার পরিকল্পনা নেয়া হয়েছে। সংবাদমাধ্যমের স্বাধীনতার গুরুত্ব উল্লেখ করে নবাগত এই পুলিশ কর্মকর্তা বলেন, সাংবাদিকদের জন্য আমাদের দরজা সর্বদাই উন্মুক্ত। দীর্ঘদিন ধরে আপনারা পুলিশের কাজের যে গঠনমূলক সমালোচনা করে আসছেন, তা অব্যাহত রাখুন। আপনাদের বস্তুনিষ্ঠ সমালোচনা ও পরামর্শের মাধ্যমেই পুলিশ নিজেদের শুধরে নিয়ে অপরাধ দমনে সফল অভিযান পরিচালনা করতে পারবে। মতবিনিময় সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত ডিআইজি ড. মো. সাইফুল্লাহ বিন আনোয়ার, অতিরিক্ত ডিআইজি মো. হুমায়ুন কবির, পুলিশ সুপার এ, জেড, এম মোস্তাফিজুর রহমান, বরিশাল প্রেসক্লাবের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি কাজী আল-মামুনসহ স্থানীয় গণমাধ্যমকর্মীরা।

পিরোজপুরে মানবপাচার মামলায়

ওরফে জিয়া এবং কক্সবাজারের কুতুবদিয়া এলাকার পলাশ চৌধুরী। আদালত সূত্রে জানা যায়, আসামিদের বিরুদ্ধে মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২-এর ৭ ধারায় অভিযোগ আনা হয়। এ ঘটনায় ২০১৪ সালের ৩ জুন মঠবাড়িয়া থানায় মামলা করা হয়। পরে মামলাটি পিরোজপুরের মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনালে বিচারাধীন ছিল। রায়ে আদালত বলেন, রাষ্ট্রপক্ষের উপস্থাপিত সাক্ষ্য-প্রমাণে আসামিদের বিরুদ্ধে আনা অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। এ কারণে প্রত্যেককে ১০ বছর সশ্রম কারাদণ্ড ও ৫ লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। অর্থদণ্ড অনাদায়ে প্রত্যেককে আরও ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে। দণ্ডপ্রাপ্ত আসামি জামাল সিকদার ওরফে জিয়া এবং পলাশ চৌধুরী আদালতে উপস্থিত ছিলেন। রায় ঘোষণার পর তাদের সাজা পরোয়ানামূলে পিরোজপুর জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দেওয়া হয়। রায় ঘোষণার দিন থেকেই তাদের সাজা কার্যকর হবে।

ছোট বোনের পরকীয়া দেখে

বাবার বাড়িতে পাশাপাশি ঘরে টিনের বেড়া দিয়ে বসবাস করেন। ছোট বোন তালাকপ্রাপ্ত। তাঁর সঙ্গে প্রতিবেশি নাসির উদ্দিনের পরকীয়া সম্পর্ক রয়েছে। নাসির প্রায়ই ছোট বোনের ঘরে আসতেন এবং তাঁদের মধ্যে শারীরিক সম্পর্ক হতো বলে অভিযোগ করেন বাদী। বিষয়টি দেখে বড় বোন তাঁকে এ ধরনের সম্পর্ক থেকে বিরত থাকতে বলতেন। মামলার অভিযোগ অনুযায়ী, গত ১৩ আগস্ট দুপুরে নাসির উদ্দিন ছোট বোনের ঘরে যান। একপর্যায়ে তিনি সেখানে শারীরিক সম্পর্কে লিপ্ত হন। টিনের বেড়ার ফাঁক দিয়ে বিষয়টি দেখে ফেলেন বাদী। পরে ছোট বোনকে ডেকে এমন সম্পর্ক থেকে বিরত থাকতে বলেন তিনি। বাদীর দাবি, ওই সময় নাসির উদ্দিন ঘর থেকে বের হয়ে তাঁকে বলেন, তিনি আর কোনো ঘটনা দেখলেও যেন কাউকে কিছু না বলেন। এর পরদিন ১৪ আগস্ট রাতে এশার নামাজ শেষে নিজের ঘরে ছিলেন ওই বাদি। তাঁর অভিযোগ, ওই সময় নাসির উদ্দিন টর্চলাইট জ্বালিয়ে তার ঘরে ঢুকে তাঁকে জাপটে ধরে ধর্ষণের চেষ্টা করেন। তিনি বাধা দিলে নাসির তাঁকে টর্চলাইট দিয়ে এলোপাতাড়ি আঘাত করেন। বাদী অভিযোগ করেন, তিনি এ সময় ছোট বোনকে ডাকলেও কোনো সাড়া পাননি। একপর্যায়ে নাসির তাঁর পরনের কাপড় খুলে স্পর্শকাতর স্থানে হাত দেয়। নিজেকে রক্ষার চেষ্টা করতে গিয়ে তিনি নাসিরের কাপড় ছিঁড়ে দেন। প্রায় ২০ মিনিট তাঁদের মধ্যে ধস্তাধস্তি হয়। অভিযোগে আরও বলা হয়, ধর্ষণে ব্যর্থ হয়ে নাসির উদ্দিন টর্চলাইট দিয়ে ওই নারীকে মারধর করেন। এতে তাঁর বাম হাতের তিনটি আঙুলে ফুলে যাওয়াসহ মারাত্মক জখম হয়। কিছুক্ষণ পর নাসিরের সহযোগী রুস্তম ঘরে ঢুকে তাঁকে টর্চলাইট দিয়ে মারধর করেন বলে অভিযোগ করা হয়েছে। আসামিদের মারধরে গুরুতর আহত হওয়ার পর ১৫ আগস্ট পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নেন ওই নারী। পরে আদালতে মামলা করেন তিনি। এ বিষয়ে জানতে মামলার প্রধান আসামি নাসির উদ্দিনের মুঠোফোনে একাধিকবার ফোন করা হলেও তাঁর সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি। ওই আদালতের বিশেষ পাবলিক প্রসিকিউটর রনজুয়ারা সিপু বলেন, বাদির বর্ননা অনুয়ায়ী আসামী একাধিক অপরাধে অপরাধী।

মাদকাসক্ত বাবার ভয়ে থানায়

৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মোছা. হনুফা বেগম (৫৫) তার স্বামী মো. সাফায়েত হাওলাদারের (৬০) বিরুদ্ধে থানায় অভিযোগ করেন। অভিযোগে বলা হয়, সাফায়েত হাওলাদার শিশুটির বাবা। তিনি মাদকাসক্ত,শিশুটিকে নিয়ে তার পক্ষ থেকে অশোভন ও আপত্তিকর কথাবার্তা এবং আচরণ করে । একই সঙ্গে শিশুটিকে বাল্যবিবাহ দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলেও অভিযোগ করা হয়। এ অবস্থায় শিশুটিকে বাবার কাছে রাখা নিরাপদ নয় উল্লেখ করে তাকে নিরাপদ আশ্রয়ে নেওয়ার জন্য আবেদন করা হয়। পরে শিশুটি নিজেই ইন্দুরকানী থানায় এসে নিরাপত্তার জন্য আশ্রয় চাইলে পুলিশ তাকে হেফাজতে নেয়। শিশুটির নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে পরে তাকে সরকারি ব্যবস্থাপনায় ভান্ডারিয়ার সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্রে পাঠানো হয়। বর্তমানে সেখানে শিশুটিকে নিরাপদ হেফাজতে রাখা হয়েছে। এ ঘটনায় অভিযুক্ত সাফায়েত হাওলাদারের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নিয়েছে বিএনপি। সোমবার (১৭ আগস্ট) জিয়ানগর উপজেলা বিএনপির এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, দলীয় নীতি-আদর্শ ও নৈতিক স্খলনজনিত কার্যকলাপের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে চণ্ডীপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক পদ থেকে সাফায়েত হাওলাদারকে অব্যাহতি দেওয়া হয়েছে। জিয়ানগর উপজেলা বিএনপির সভাপতি মো. ফরিদ আহম্মদ ও সাধারণ সম্পাদক আ. রাজ্জাক হাওলাদার স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, পিরোজপুর জেলা বিএনপির আহ্বায়ক ও সদস্য সচিবের পরামর্শক্রমে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত এ সিদ্ধান্ত বহাল থাকবে। তবে তার বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করেছেন সাফায়েত হাওলাদার। তিনি বলেন, আমার ছোট মেয়ে ষষ্ঠ শ্রেণিতে পড়ে। সে কী বলছে, আমি জানি না। আর কী কারণে বিএনপি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে, এ বিষয়েও আমি অবহিত নই। আমি বিএনপির একজন ত্যাগী কর্মী। আওয়ামী লীগের সময় আমি বারবার মামলা ও হামলার শিকার হয়েছি। ইন্দুরকানী থানার ওসি মো. মহব্বত খান বলেন, শিশুটির বাবা সাফায়েত হাওলাদার মাদকাসক্ত বলে অভিযোগ রয়েছে। শিশুটিকে নিয়ে তার পক্ষ থেকে অশোভন ও আপত্তিকর কথাবার্তা এবং আচরণের অভিযোগ করা হয়েছে। একই সঙ্গে শিশুটিকে বাল্যবিবাহ দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলেও অভিযোগ রয়েছে। শিশুটির নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিয়ে তাকে সরকারি ব্যবস্থাপনায় ভান্ডারিয়ার সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্রে পাঠানো হয়েছে।

গৌরনদীতে মাদ্রাসা শিক্ষককে

চার আনা স্বর্ণ, একটি রূপার চেইন, নগদ ৭ হাজার টাকা এবং মোবাইলসহ মূল্যবান মালামাল লুট করে নিয়ে যায়। তবে মোবাইল নিয়ে গেলেও ভেতরের সিম কার্ডটি খুলে রেখে যায় ডাকাতেরা। মঙ্গলবার বিকেল সাড়ে ৪টায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত ভুক্তভোগী আবুল হোসেন লিখিত অভিযোগ দেওয়ার জন্য থানায় অবস্থান করছিলেন। ঘটনার সত্যতা নিশ্চিত করে গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তারিক হাসান রাসেল জানান, খবর পেয়ে পুলিশ ইতোমধ্যেই ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। উল্লেখ্য, এর আগে গত ১৪ আগস্ট দিবাগত রাতে উপজেলার পূর্ব বেজহার গ্রামের সৌদি প্রবাসী খোকন হালদারের ঘরে ঢুকে তার স্ত্রী ও কন্যার গলায় রামদা ধরে সর্বস্ব লুট করে নেয় একদল ডাকাত। সেই ঘটনার আমেজ কাটতে না কাটতেই ফের এই ডাকাতির ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

বরিশালে ভয়াবহ রূপ

আইইডিসিআরের পাঁচ সদস্যের একটি প্রতিনিধিদল পিরোজপুর এসেছিল। তারা তিন দিন তদন্ত শেষে ডেঙ্গুতে আক্রান্ত রোগীর সংখ্যা বেশি হওয়ার নেপথ্যে কয়েকটি কারণ দেখিয়েছে। সিভিল সার্জন কার্যালয়ের তথ্যমতে, ডেঙ্গুর প্রজননস্থল শনাক্তে আইইডিসিআরের একটি দল মাঠপর্যায়ে কাজ করেছে। সেখানকার সুপারি ও নারকেলগাছের গোড়ায় এবং নির্মাণাধীন ভবনে জমে থাকা পানিতে এডিস মশার প্রজননস্থল পাওয়া গেছে। এদিকে ডেঙ্গু রোগীর চাপ বৃদ্ধি পাওয়ায় পিরোজপুর সদর হাসপাতালে সাধারণ রোগীদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। সদর হাসপাতালে অনেক রোগীকে মেঝেতে থেকে চিকিৎসা নিতে দেখা গেছে। ডেঙ্গু রোগী মাহফুজ বলেন, 'পাঁচ দিন ধরে জেলা হাসপাতালে ভর্তি রয়েছি। প্রচুর রোগীর চাপ। ডেঙ্গু রোগী ও সাধারণ রোগীদের একসঙ্গে রাখা হয়েছে। ফলে ডেঙ্গু রোগীরা পর্যাপ্ত সেবা পাচ্ছে না। স্যালাইন, ওষুধও ডেঙ্গু রোগীরা ঠিকমতো পাচ্ছে না। আরেক রোগী আলেয়া বেগম জানান, তিন দিন ধরে হাসপাতালে ভর্তি রয়েছেন। কিন্তু পর্যাপ্ত সেবা পাচ্ছেন না। নার্সদের ডাকলে ঠিকমতো পাওয়া যায় না; বাথরুমের অবস্থা ভয়াবহ। ঠিকমতো ওষুধও পাচ্ছেন না তাঁরা। এক রোগীর স্বজন আব্দুল মালেক বলেন, 'আমার ছেলে দুই দিন ধরে ভর্তি রয়েছে। আমরা না পারি হাসপাতালে থাকতে, না পারছি বাইরে থাকতে। এখানে ডেঙ্গুতে আক্রান্ত রোগীদের বারান্দায়ও থাকতে দিচ্ছে। নতুন হাসপাতাল চালু করে না, পুরোনো হাসপাতালে বারান্দায় থাকতে দেয়। ভোগান্তি যেন কমছেই না।' ভান্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রোগী কায়সার জানান, ডেঙ্গু রোগীদের আলাদা করে সেবা দেওয়া হচ্ছে না। সবাইকে একসঙ্গে রাখা হচ্ছে। এতে আরও ডেঙ্গু ছড়াতে পারে বলে ধারণা করছে সবাই। হাসপাতাল কর্তৃপক্ষের নজর নেই এখানে। নেছারাবাদ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রোগী ও স্বজনেরা জানান, সেখানেও ধারণক্ষমতার চেয়ে বেশি রোগী ভর্তি রয়েছে। পিরোজপুরের সিভিল সার্জন মো. মতিউর রহমান স্বীকার করে বলেন, জেলা হাসপাতালে ধারণক্ষমতার চেয়ে তিন গুণ রোগী ভর্তি রয়েছে। ১০০ শয্যার জেলা হাসপাতালে বিভিন্ন ওয়ার্ডে ৩০০ জনের বেশি রোগী ভর্তি রয়েছে। ডেঙ্গুতে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় বিভিন্ন সরকারি হাসপাতালে ২৬ জন ভর্তি হয়েছে। জেলা হাসপাতাল ও বিভিন্ন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলে জেলায় ডেঙ্গুতে আক্রান্ত ৬৭ জন ভর্তি রয়েছে। সিভিল সার্জন দাবি করেন, 'ডেঙ্গুতে আক্রান্ত রোগীদের স্যালাইন, পর্যাপ্ত ওষুধ দেওয়া হচ্ছে। এ ছাড়াও জেলা হাসপাতালে ডেঙ্গু রোগীদের টেস্ট করানো হচ্ছে। আমরা সাধ্যমতো ডেঙ্গুতে আক্রান্ত রোগী ও অন্য রোগীদের সেবা দিয়ে যাচ্ছি।' সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার আরিফ হাসান বলেন, এ বছর ডেঙ্গু রোগীর চাপ কমছে না। একজন রোগীর চিকিৎসায় পাঁচ-ছয় দিন লাগছে। এর মধ্যে নতুন রোগী ভর্তি হচ্ছে। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্ত?রের তথ্যমতে, গত জানুয়ারি মাস থেকে আগস্ট পর্যন্ত বিভাগের ছয় জেলায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৫ হাজার ১০১ জন। তাদের মধ্যে সবচেয়ে বেশি পিরোজপুর জেলায় আক্রান্ত ১ হাজার ৩৮১ জন। দ্বিতীয় অবস্থানে থাকা ঝালকাঠিতে আক্রান্ত ১ হাজার ৩০৮ জন। বিভাগে মারা গেছে ৮ জন। সূত্রমতে, গত ২৪ ঘণ্টায় বিভাগের ৬ জেলার বিভিন্ন হাসপাতালে ১০২ জন ডেঙ্গুতে আক্রান্ত রোগী ভর্তি হয়েছে। এর মধ্যে পিরোজপুরে ২৬ জন। দ্বিতীয় অবস্থানে থাকা ঝালকাঠিতে আক্রান্ত ১৬ জন। খোঁজ নিয়ে জানা গেছে, গত ৮ মাসে পি?রোজপুর জেলার বিভিন্ন হাসপাতালে ১ হাজার ৩৮১ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছে, যা বরিশাল বিভাগের মধ্যে সর্বোচ্চ। এ সময়ে ডেঙ্গুতে একজনের মৃত্যুও হয়েছে। চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরেছে ১ হাজার ৩১৩ জন। বর্তমানে বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন ৬৭ জন। বর্তমানে পিরোজপুর সদর হাসপাতালে ১৬ জন, নাজিরপুরে ৯, নেছারাবাদে ৮, কাউখালীতে ২, ভান্ডারিয়ায় ৩১ এবং মঠবাড়িয়ায় একজন চিকিৎসাধীন রয়েছে। গত ৮ মাসে সবচেয়ে বেশি, ৬৩৮ রোগী ভর্তি হয়েছে পিরোজপুর সদর হাসপাতালে। এ ছাড়া নাজিরপুরে ৮৩, নেছারাবাদে ২২৫, কাউখালীতে ১০০, ভান্ডারিয়ায় ২৭৫ এবং মঠবাড়িয়ায় ৬০ জন ভর্তি হয়েছে। ব?রিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক মো. রেফায়েতুল হায়দার বলেন, পিরোজপুরে ডেঙ্গু রোগী বাড়ছে। এ জন্য সেখানকার সিভিল সার্জনের সঙ্গে কথা বলছেন। জলাবদ্ধ স্থানে যাতে মশার লার্ভা না জমতে পাড়ে সে জন্য সামাজিকভাবে উদ্বুদ্ধ করার কথা বলেছেন। পাশাপাশি হাসপাতালে রোগীদের চিকিৎসা নিশ্চিত করার নির্দেশনা দেওয়া হয়েছে। ডা. রেফায়েত বলেন, 'আতঙ্কিত না হয়ে ডাক্তারের পরামর্শ নিতে হবে। মশারি টানাতে হবে। কোনোভাবেই বাড়ির আশপাশে মশার লার্ভা হতে দেওয়া যাবে না।'

বাংলাদেশের সঙ্গে সুসম্পর্ক

ব্রিফিংয়ে জয়সওয়াল বলেছিলেন, দ্বিপাক্ষিক সফরের পাশাপাশি ব্রিকস সম্মেলনের আউটরিচ সেশনে অংশ নেওয়ার জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রীকে আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানানো হয়েছে। এসব আমন্ত্রণপত্র ইতোমধ্যে পৌঁছে দেওয়া হয়েছে বলে তিনি জানান। চলমান সংকট নিরসনে বাংলাদেশকে জ্বালানি সহায়তার বিষয়ে ভারতের পররাষ্ট্রমন্ত্রণালয়ের এই মুখপাত্র বলেন, ভারত শুরু থেকেই ইতিবাচক মনোভাব বজায় রেখেছে। বাংলাদেশের সঙ্গে ডিজেল সরবরাহের যে চুক্তি রয়েছে, তা চলমান। অতিরিক্ত ডিজেল সরবরাহের অনুরোধের প্রসঙ্গে তিনি বলেন, ভারতের নিজস্ব অভ্যন্তরীণ চাহিদা, পরিশোধন ক্ষমতা এবং সামগ্রিক জ্বালানি নিশ্চিতকরণের বিষয়টি পর্যালোচনা করেই এই অতিরিক্ত ডিজেল সরবরাহের অনুরোধ পর্যালোচনা করা হবে। এদিকে, প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর ঘিরে বাংলাদেশ সরকার অবস্থান পরিষ্কার করেছে। পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, উভয় দেশের সম্পর্কের ক্ষেত্রে একটি অনুকূল পরিবেশ তৈরি হওয়াই এই সফরের অন্যতম পূর্বশর্ত; যা ইতোমধ্যে ভারতীয় কর্তৃপক্ষকে স্পষ্টভাবে জানিয়ে দেওয়া হয়েছে। গত রোববার বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র শহীদুল করিম বলেন, প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর তারেক রহমানের প্রথম দিল্লি সফরকে কেন্দ্র করে উভয় দেশের কর্মকর্তারা গত কয়েক সপ্তাহ ধরে যোগাযোগ রাখছেন। আলোচনা চলমান থাকলেও গত ৫ আগস্ট নয়াদিল্লিতে এক প্রেস ইভেন্টে শেখ হাসিনার প্রকাশ্য উপস্থিতিকে কেন্দ্র করে তৈরি কূটনৈতিক উত্তেজনার দরুন কোনো চূড়ান্ত তারিখ নির্ধারণ হয়নি বলে ঢাকা স্পষ্টভাবে জানিয়ে দিয়েছে। বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে (আইসিটি) দণ্ডিত শেখ হাসিনার প্রত্যর্পণ এবং শহীদ শরীফ ওসমান হাদি হত্যার সঙ্গে সংশ্লিষ্ট অভিযুক্তদের হস্তান্তরের অনুরোধে ভারতকে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছে ঢাকা। তবে ভারত সরকার শেখ হাসিনার ওই কর্মসূচির সঙ্গে তাদের কোনো সম্পৃক্ততা নেই বলে পরিষ্কার করেছে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল এক সংবাদ সম্মেলনে বলেছেন, এটি একটি বেসরকারি সংবাদমাধ্যমের আয়োজন ছিল এবং সেখানে বলা কোনো বক্তব্যের দায় ভারত সরকার নেবে না।

পথের অভাবে থমকে যাচ্ছে কোমলমতি শিক্ষার্থীদের শিক্ষার পথ

গলাচিপা প্রতিনিধি

বর্ষা এলেই আতঙ্ক নেমে আসে পটুয়াখালীর গলাচিপা উপজেলার গোলখালী ইউনিয়নের দক্ষিণ-পূর্ব গোলখালী গ্রামের শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে। চলাচলের একমাত্র সড়কটি বর্ষার পানিতে তলিয়ে গিয়ে পরিণত হয় কাদা-পানি আর খানাখন্দে। বাধ্য হয়ে কোমলমতি শিক্ষার্থীদের স্কুলে যাতায়াত করতে হয় ছোট ডিঙি নৌকায়। এতে একদিকে যেমন রয়েছে দুর্ঘটনার ঝুঁকি, অন্যদিকে নৌকার ভাড়া গুনতে গিয়ে বাড়তি আর্থিক চাপ পড়ছে দরিদ্র পরিবারগুলোর ওপর। গোলখালী ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডে সাবেদ হোসেন তালুকদারের বাড়ির সংলগ্ন এলাকায় পাশাপাশি অবস্থিত দক্ষিণ-পূর্ব গোলখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় ও দক্ষিণ-পূর্ব গোলখালী মাধ্যমিক বিদ্যালয়। দুই শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থী রয়েছে প্রায় ৬০০। আশপাশের চারটি গ্রামের শিক্ষার্থীরা এসব প্রতিষ্ঠানে পড়াশোনা করে। স্থানীয় বাসিন্দা, শিক্ষক ও অভিভাবকদের সঙ্গে কথা বলে জানা গেছে, দীর্ঘ কয়েক যুগ ধরে বিদ্যালয় দুটির যোগাযোগব্যবস্থা নাজুক। বর্ষা মৌসুমে পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে ওঠে। দক্ষিণ-পূর্ব গোলখালী গ্রামের দক্ষিণ প্রান্ত থেকে প্রায় দেড় কিলোমিটার পথ পাড়ি দিয়ে প্রায় দুই শতাধিক শিক্ষার্থীকে প্রতিদিন বিদ্যালয়ে আসতে হয়। তাদের যাতায়াতের প্রধান সড়কটি বর্ষায় সম্পূর্ণ চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। সরেজমিনে দেখা গেছে, সড়কের বিভিন্ন অংশে বড় বড় গর্ত। কোথাও বিলের সমতল জমির সঙ্গে রাস্তা মিশে গেছে, কোথাও তৈরি হয়েছে ডোবা-নালা। আবার কোনো কোনো অংশে হাঁটুসমান কাদা ও পানি জমে আছে। ফলে পায়ে হেঁটে কিংবা কোনো যানবাহনে ওই পথ দিয়ে বিদ্যালয়ে যাতায়াত প্রায় অসম্ভব। এ অবস্থায় প্রতি বছর সন্তানদের স্কুলে যাতায়াতের কথা চিন্তা করে স্থানীয় অভিভাবকদের উদ্যোগে একটি ছোট ডিঙি নৌকা তৈরি করা হয়। শিক্ষার্থীদের পারাপারের জন্য রাখা হয় একজন মাঝিও। প্রতিদিন নৌকায় করে শিক্ষার্থীদের বিদ্যালয়ে যাতায়াত করানো হয়। এর জন্য প্রত্যেক শিক্ষার্থীকে দিতে হয় প্রায় ২০ টাকা করে। দরিদ্র পরিবারের অনেক অভিভাবকের জন্য এই অতিরিক্ত খরচ বহন করাও কঠিন হয়ে পড়ে। আবার মাঝি অসুস্থ থাকলে কিংবা নৌকার ভাড়া দেওয়ার মতো টাকা না থাকলে সেদিন অনেক শিক্ষার্থী বিদ্যালয়ে যেতে পারে না। কখনো কখনো বড় শ্রেণির শিক্ষার্থীরাই ঝুঁকি নিয়ে নৌকা চালিয়ে বিদ্যালয়ে যায় বলে জানান স্থানীয়রা। সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, এসব নৌকায় বিদ্যালয়ে যাতায়াতকারী অনেক কোমলমতি শিক্ষার্থীই সাঁতার জানে না। অথচ তাদের জন্য নেই কোনো লাইফ জ্যাকেট বা প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জাম। ফলে ছোট একটি নৌকায় জীবনের ঝুঁকি নিয়ে প্রতিদিন বিদ্যালয়ে যাতায়াত করতে হচ্ছে শিক্ষার্থীদের। যে কোনো সময় ঘটতে পারে বড় ধরনের দুর্ঘটনা- এমন আশঙ্কায় থাকেন অভিভাবকরা। শিক্ষার্থী ও অভিভাবকদের আশঙ্কা, বছরের পর বছর এমন পরিস্থিতি চলতে থাকলে বিদ্যালয় থেকে শিক্ষার্থী ঝরে পড়ার হার বাড়তে পারে। একই সঙ্গে নৌকায় ছোট একটি নৌযানে একাধিক শিক্ষার্থীর নিয়মিত যাতায়াত নিয়েও রয়েছে দুর্ঘটনার শঙ্কা। স্থানীয় অভিভাবক সুমন প্যাদা বলেন, এ আধুনিক যুগে সন্তানদের নৌকায় করে স্কুলে পাঠাতে হয়- এটা ভাবতেই অবাক লাগে। সন্তানকে নৌকায় তুলে দেওয়ার পর সে নিরাপদে স্কুলে পৌঁছেছে কি না, আবার বাড়িতে ফিরেছে কি না- এ নিয়ে সারাক্ষণ চিন্তায় থাকি। আমরা এ দুর্ভোগ থেকে মুক্তি চাই। দক্ষিণ-পূর্ব গোলখালী মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণির শিক্ষার্থী আরিয়ান হোসেন, ইব্রাহিম, জসিম উদ্দিন ও আদিন হোসেন বলেন, বর্ষার সময় নৌকায় স্কুলে যেতে খুব কষ্ট হয়। নৌকাটি ছোট। প্রতিদিন ঝুঁকি নিয়ে যাতায়াত করতে হয়। আমরা একটি ভালো রাস্তা চাই। পঞ্চম শ্রেণির শিক্ষার্থী সুমনা আক্তারও একই ধরনের দুর্ভোগের কথা জানিয়ে দ্রুত রাস্তা সংস্কারের দাবি জানায়। দক্ষিণ-পূর্ব গোলখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল জলিল মিয়া বলেন, বিদ্যালয়ের যোগাযোগব্যবস্থা উন্নয়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে একাধিকবার লিখিতভাবে আবেদন করেছি। কিন্তু এখনো কার্যকর কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। সরকারের কাছে আমাদের জোর দাবি, শিক্ষার্থীদের নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে দ্রুত রাস্তাটি চলাচলের উপযোগী করা হোক। শুধু দক্ষিণ-পূর্ব গোলখালী গ্রামের শিক্ষার্থীরাই নয়, উত্তর-পূর্ব গোলখালী ও পূর্ব গোলখালী গ্রামের শিক্ষার্থীরাও একই ধরনের দুর্ভোগের শিকার। উত্তর-পূর্ব গোলখালী গ্রামটি বিদ্যালয় থেকে প্রায় তিন কিলোমিটার দূরে। ওই এলাকার যোগাযোগের প্রধান মাধ্যমও একটি কাঁচা রাস্তা। বর্ষায় সেটিও চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। অন্যদিকে পূর্ব গোলখালী গ্রামটি বিদ্যালয় থেকে প্রায় দুই কিলোমিটার দূরে। সেখানকার শিক্ষার্থীদেরও কাঁচা রাস্তা দিয়ে বিদ্যালয়ে আসতে হয়। ফলে বর্ষা মৌসুমে বিদ্যালয় দুটির প্রায় ৬০০ শিক্ষার্থীকে নানা ধরনের দুর্ভোগের মধ্য দিয়ে স্কুলে আসা-যাওয়া করতে হচ্ছে। শিক্ষার্থী ও অভিভাবকদের অভিযোগ, বছরের পর বছর এ সমস্যা থাকলেও স্থায়ী সমাধান হচ্ছে না। দক্ষিণ পূর্ব গোলখালি মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি মো. সোহেল রানা বলেন, শিক্ষার্থীদের নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়া হোক। বর্ষা এলেই নৌকায় জীবনের ঝুঁকি নিয়ে স্কুলে যাওয়া যেন তাদের নিয়তি না হয়। গলাচিপা উপজেলা প্রকৌশলী মো. হাবিবুর রহমান বলেন, আমি এ উপজেলায় নতুন যোগদান করেছি। সরেজমিনে গিয়ে বিষয়টি পরিদর্শন করব। এরপর ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় স্কিম আকারে পাঠানোর ব্যবস্থা করব। গলাচিপা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আবুজর মো. ইজাজুল হক বলেন, আমি সরেজমিনে গিয়ে বিষয়টি পরিদর্শন করব। বাস্তব অবস্থা দেখে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাব এবং সমস্যাটির সমাধানে সর্বাত্মক চেষ্টা করব।

মির্জাগঞ্জে ছাত্রদলের পাল্টাপাল্টি

ছাত্রদলের সভাপতি মো. আবুল বাশার মোখলেছ ও সাধারণ সম্পাদক মো. নাজমুল মৃধার স্বাক্ষর ও সিল রয়েছে। ওই প্যাডে ৩ নম্বর আমড়াগাছিয়া, ৪ নম্বর দেউলী সুবিদখালী, ৫ নম্বর কাকড়াবুনিয়া ও ৬ নম্বর মজিদবাড়িয়া ইউনিয়ন ছাত্রদলের আংশিক কমিটি ঘোষণা করা হয়। এসব কমিটিকে আগামী ১৫ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়েছে। অপর প্রকাশিত কমিটিতে ১ নম্বর মাধবখালী, ৩ নম্বর আমড়াগাছিয়া, ৪ নম্বর দেউলী সুবিদখালী, ৫ নম্বর কাকড়াবুনিয়া ও ৬ নম্বর মজিদবাড়িয়া ইউনিয়ন ছাত্রদলের আংশিক কমিটি অনুমোদনের কথা উল্লেখ রয়েছে। এসব কমিটিতে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে ভিন্ন ব্যক্তিদের নাম রয়েছে এবং ৩০ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়েছে। দ্বিতীয় পক্ষের প্রকাশিত নথিগুলোতে উপজেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মো. রাজিব হোসেন, সহ-সভাপতি মো. রবিউল ইসলাম, ১ নম্বর যুগ্ম সাধারণ সম্পাদক মো. ইব্রাহিম ও সাংগঠনিক সম্পাদক সিরাজুল ইসলাম মিরাজসহ কয়েকজন নেতার স্বাক্ষর রয়েছে। এ বিষয়ে উপজেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মো. রাজিব হোসেন বলেন, ২০২৫ সালের ২৪ ডিসেম্বর কেন্দ্রীয় ছাত্রদলের প্যাডে মির্জাগঞ্জ উপজেলা ছাত্রদলের কমিটি ঘোষণা করা হয়। ওই কমিটিতে সভাপতি, সিনিয়র সহ-সভাপতি ও সাধারণ সম্পাদকের যৌথ স্বাক্ষরে সাংগঠনিক কার্যক্রম পরিচালনার জন্য কেন্দ্র থেকে নির্দেশ দেওয়া হয়। কিন্তু তা উপেক্ষা করে আমার স্বাক্ষর ব্যতিত উপজেলা ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদক নিজেদের মতো কমিটি প্রকাশ করেছেন। নিজেদের অনুমোদিত কমিটির ব্যাপারে তিনি দাবি করেন, যারা দীর্ঘদিন সংগঠনের জন্য ত্যাগ স্বীকার করেছেন ও নির্যাতনের শিকার হয়েছেন, তাদের মূল্যায়ন করে ত্যাগী নেতাকর্মীদের নিয়ে তারা কমিটি গঠন করেছেন। অন্যদিকে উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মো. নাজমুল মৃধা বলেন, কমিটি গঠনের আগে সিনিয়র সহসভাপতি রাজিব হোসেনকে কয়েকবার ডাকা হয়েছিল। তবে তিনি উপস্থিত হননি। পরে কেন্দ্রীয় ও জেলা পর্যায়ের নেতাদের বিষয়টি জানিয়ে কমিটি দেওয়া হয়েছে বলে দাবি করেন তিনি। নাজমুল মৃধা বলেন, বিষয়টি নিয়ে উভয় পক্ষের মধ্যে আগে থেকেই মতবিরোধ ছিল এবং অপর পক্ষও আলাদা কমিটি করার কথা জানিয়েছিল। এদিকে উপজেলা বিএনপির কয়েকজন শীর্ষস্থানীয় নেতা নাম প্রকাশ না করার শর্তে বলেন, একই দিনে একই ইউনিয়নের জন্য দুটি পৃথক কমিটি প্রকাশ করায় তৃণমূল নেতাকর্মীদের মধ্যে বিভ্রান্তি তৈরি হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে কমিটি প্রকাশের পর উভয় পক্ষ একে অপরের প্রকাশিত নথিকে ‘ফেইক’ দাবি করে পাল্টাপাল্টি বক্তব্যও দিয়েছে। তাদের মতে, এতে কোন কমিটি বৈধ বা সাংগঠনিকভাবে অনুমোদিত তা নিয়ে নেতাকর্মীদের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে। ছাত্রদল বিএনপির সহযোগী সংগঠন হওয়ায় একটি সাংগঠনিক ইউনিটে এ ধরনের প্রকাশ্য বিরোধ দলের জন্য বিব্রতকর পরিস্থিতি সৃষ্টি করছে। এ অবস্থায় দ্রুত জেলা ও কেন্দ্রীয় নেতৃত্বের হস্তক্ষেপের মাধ্যমে বিষয়টির সমাধান করা প্রয়োজন। এ বিষয়ে পটুয়াখালী জেলা ছাত্রদলের আহ্বায়ক মো. শামীম চৌধুরীর সঙ্গে ফোনে যোগাযোগ করা হলে তিনি নিজের ফেসবুক স্ট্যাটাসকে বক্তব্য হিসেবে উল্লেখ করেন। ফেসবুক স্ট্যাটাসে তিনি লেখেন, মির্জাগঞ্জের ইউনিয়ন কমিটির ঘটনায় ত্যাগী নেতাকর্মীদের অপমান করা হয়েছে, যা অত্যন্ত দুঃখজনক। ধৈর্যের অভাব ও অহংকারের কারণে সংগঠনের নেতাকর্মীরা ব্যথিত। সংগঠনের ভাবমূর্তি রক্ষায় দ্রুত ভুল বোঝাবুঝির অবসান ঘটানোর আহ্বান জানিয়ে তিনি বলেন, অন্যথায় সংগঠন নিজস্ব নিয়মে ব্যবস্থা নেবে। তিনি আরও লেখেন, সংগঠন কারো পৈতৃক সম্পত্তি নয়। সবার শুভবুদ্ধির উদয় হোক। পাল্টাপাল্টি কমিটি ঘোষণাকে কেন্দ্র করে মির্জাগঞ্জ উপজেলা ছাত্রদলের তৃণমূল নেতাকর্মীদের মধ্যে এখন প্রশ্ন উঠেছে কোন কমিটি সাংগঠনিকভাবে বৈধ এবং শেষ পর্যন্ত কোন কমিটি বহাল থাকবে। বিষয়টির দ্রুত নিষ্পত্তির জন্য জেলা ও কেন্দ্রীয় ছাত্রদলের সিদ্ধান্তের দিকে তাকিয়ে রয়েছেন সংশ্লিষ্টরা।

কুয়াকাটা সৈকতে তীব্র ভাঙন, বিলীন

এতে জিরো পয়েন্ট সংলগ্ন ট্যুরিস্ট পুলিশের একমাত্র পুলিশ বক্সটি এখন চরম ঝুঁকিতে। যেকোনো সময় বক্সটি সমুদ্রগর্ভে বিলীন হয়ে যেতে পারে। গত কয়েকদিনের টানা জোয়ার ও উত্তাল ঢেউয়ে সৈকতের বিভিন্ন স্থানে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। জোয়ারের পানি আগের তুলনায় অনেক উপরে আসায় সৈকতের পূর্ব ও পশ্চিম অংশে ভাঙন বেড়েছে আশঙ্কাজনকভাবে। স্থানীয়দের দাবি, দ্রুত স্থায়ী প্রতিরক্ষা ব্যবস্থা না নেওয়া হলে গুরুত্বপূর্ণ স্থাপনা ও পর্যটন অবকাঠামো রক্ষা করা কঠিন হয়ে পড়বে। স্থানীয় সূত্রে জানা গেছে, জিরো পয়েন্টের অস্থায়ী পুলিশ বক্সটি এক-তৃতীয়াংশ ইতোমধ্যে ধসে গেছে। ফলে শুধু পুলিশ সদস্যদের নিরাপত্তাই নয়, পর্যটকদের চলাচল নিয়েও উদ্বেগ তৈরি হয়েছে। স্থানীয় বাসিন্দা ও ব্যবসায়ীরা জানান, কয়েক বছর ধরেই কুয়াকাটা সৈকতের বিভিন্ন অংশে ভাঙন দেখা দিলেও বর্তমানে পরিস্থিতি তুলনামূলক বেশি ভয়াবহ। প্রতিদিন হাজার হাজার পর্যটক এখানে ভিড় করেন। সৈকতের গুরুত্বপূর্ণ স্থাপনা ক্ষতিগ্রস্ত হলে পর্যটন, ধর্মীয় ও প্রশাসনিক কার্যক্রমের পাশাপাশি কুয়াকাটার ভাবমূর্তিও ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে। স্থানীয় ব্যবসায়ী মো. রেদওয়ানুল ইসলাম রাসেল বলেন, জোয়ারের সময় ঢেউ এখন আগের তুলনায় অনেক বেশি ভেতরে চলে আসছে। কয়েক মাস আগেও যেসব স্থানে পর্যটকেরা স্বাভাবিকভাবে হাঁটাচলা করতেন, সেখানে এখন বড় বড় গর্ত তৈরি হয়েছে। মসজিদ, মন্দির ও পুলিশ বক্সের কাছাকাছি পর্যন্ত পানি চলে আসায় ব্যবসায়ীদের মধ্যে উদ্বেগ বাড়ছে। দ্রুত স্থায়ী প্রতিরক্ষা ব্যবস্থা না নিলে ব্যবসাপ্রতিষ্ঠান ও পর্যটন অবকাঠামোও বড় ধরনের ক্ষতির মুখে পড়তে পারে। ঢাকা থেকে আসা পর্যটক তাহমিদ হোসেন বলেন, কুয়াকাটার প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে এসে সৈকতের ভাঙনের দৃশ্য দেখে হতাশ হয়েছি। দেশের অন্যতম পর্যটনকেন্দ্রের এমন পরিস্থিতি পর্যটকদের জন্য উদ্বেগের। সৈকতের সৌন্দর্য ও পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করতে দ্রুত, কার্যকর ও দীর্ঘমেয়াদি উদ্যোগ নেওয়া প্রয়োজন। কুয়াকাটা শ্রী শ্রী রাধাকৃষ্ণ মন্দির তীর্থযাত্রী সেবাশ্রমের সাধারণ সম্পাদক প্রকৌশলী নিহার রঞ্জন মণ্ডল বলেন, ‘পানি উন্নয়ন বোর্ড গত কয়েক বছর ধরে বর্ষা মৌসুমে জরুরি ভিত্তিতে জিও ব্যাগ ফেলে সাময়িকভাবে ভাঙন ঠেকানোর চেষ্টা করেছে। তবে এটি স্থায়ী সমাধান নয়। প্রতিবছর একই সমস্যার পুনরাবৃত্তি হচ্ছে। কুয়াকাটার মতো গুরুত্বপূর্ণ পর্যটন ও ধর্মীয় এলাকায় স্থায়ী উপকূল সুরক্ষা প্রকল্প বাস্তবায়ন জরুরি।’ ট্যুর অপারেটরস অ্যাসোসিয়েশন অব কুয়াকাটা (টোয়াক) এর সভাপতি রুমান ইমতিয়াজ তুষার বলেন, ‘গত এক দশকে কুয়াকাটাকে ঘিরে শত শত কোটি টাকার বেসরকারি বিনিয়োগ হয়েছে। হোটেল, রিসোর্ট, রেস্টুরেন্ট, ট্রাভেল এজেন্সিসহ বিভিন্ন পর্যটন সেবা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। সৈকতের ভাঙন ও পর্যটকদের মধ্যে নিরাপত্তাহীনতার বার্তা ছড়িয়ে পড়লে পুরো পর্যটনশিল্প ক্ষতির মুখে পড়বে। তাই কুয়াকাটার টেকসই উন্নয়নের স্বার্থে দ্রুত বড় পরিসরে উপকূল সুরক্ষা প্রকল্প বাস্তবায়ন প্রয়োজন।’ কলাপাড়া পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. শাহ আলম বলেন, ‘কুয়াকাটায় কাজ করতে গিয়ে অনেক ঝামেলা হয়, ইমার্জেন্সি কাজ করতে গেলে সাধারণ মানুষ বস্তায় দেওয়া বালু নিয়ে প্রশ্ন করে। আমরা সাপ্লাই বস্তা দেওয়ার চেষ্টা করছি, যাতে ট্যুরিস্ট পুলিশ বক্স কে রক্ষা করা যায়, আপাতত দুই একদিনের মধ্যে আমরা সেই কাজটা করব।’ কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ও কুয়াকাটা বিচ ম্যানেজমেন্ট কমিটির সদস্য সচিব আরিফুজ্জামান বলেন, ‘ইতোমধ্যে একটি স্পন্সর কোম্পানির সঙ্গে কথা হয়েছে, যেটা বিলীন হচ্ছে, ওটা গেলে আরেকটি তৈরি করে দেবে।’

বরিশালে পরিবেশ অধিদপ্তরে

যায়। দীর্ঘদিন মান পরীক্ষা বন্ধ থাকায় বর্তমানে এ নিয়ে উদ্বেগে স্থানীয়রা। বরিশাল পরিবেশ অধিদপ্তরের পরিচালক মুহাম্মদ মুজাহিদুল ইসলাম বলেন, ‘৫১টি যন্ত্রপাতির তালিকা ঢাকায় পাঠানো হয়েছে। এখন প্রকল্প অনুমোদনের অপেক্ষা।’ স্বাস্থ্য অধিদপ্তরের বরিশাল বিভাগের পরিচালক মো. রেফায়াতুল হায়দার বলেন, ‘জুলাই মাসে বরিশাল বিভাগে ডায়রিয়া আক্রান্তের সংখ্যা ছাড়িয়েছে সাত হাজার।’ বিভাগজুড়ে ডায়রিয়া ছাড়াও চর্মরোগসহ পানিবাহিত রোগের বিস্তারের কারণে দ্রুত ব্যবস্থা নেওয়ার দাবি নগরবাসীর।

ওষুধের সরকারি মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা

করা ওষুধও অনেক ক্ষেত্রে মানুষের কাছে পৌঁছায় না। ফলে রোগীদের বাইরে থেকে ওষুধ কিনতে হয়। এ কারণে মানুষের আয়ের সঙ্গে সামঞ্জস্য রেখে ওষুধের মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা আরও কার্যকর ও শক্তিশালী করা প্রয়োজন। টেকসই জ্বালানি নীতির দাবি জানিয়ে তিনি বলেন, বর্তমান জ্বালানি সংকটের অন্যতম কারণ আমদানিনির্ভর নীতি। দেশীয় গ্যাস অনুসন্ধান অবহেলিত হয়েছে এবং বাপেক্সকে দুর্বল করা হয়েছে। সংকট মোকাবিলায় নবায়নযোগ্য জ্বালানিতে বিনিয়োগ, সৌর ও বায়ুশক্তির বিকেন্দ্রীভূত ব্যবহার এবং দেশীয় গ্যাস অনুসন্ধান জোরদার করতে হবে। যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের স্বাক্ষরিত বাণিজ্য চুক্তির সমালোচনা করে নীলু বলেন, চুক্তিটির কারণে দেশের আর্থিক ও ভূরাজনৈতিক ক্ষেত্রে ক্ষতির আশঙ্কা রয়েছে। শুল্ক ছাড়ের বিনিময়ে বিভিন্ন শর্ত মানতে গিয়ে বাংলাদেশের নীতি নির্ধারণের সক্ষমতা ও স্থানীয় শিল্প খাত ঝুঁকিতে পড়তে পারে। তিনি আরও বলেন, শুল্কমুক্ত মার্কিন পণ্য দেশের বাজারে প্রবেশ করলে ক্ষুদ্র ও মাঝারি শিল্প অসম প্রতিযোগিতার মুখে পড়বে। ভবিষ্যতে বাণিজ্য, জ্বালানি ও ডিজিটাল খাতে বিভিন্ন শর্ত পালনের বাধ্যবাধকতা তৈরি হলে দেশের নীতিনির্ধারণী স্বকীয়তা সংকুচিত হওয়ার আশঙ্কা রয়েছে। এ কারণে অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে স্বাক্ষরিত ওই চুক্তি সংসদে আলোচনার মাধ্যমে দেশের স্বার্থ ও সমমর্যাদার ভিত্তিতে সংশোধনের দাবি জানান তিনি। মানববন্ধনে আরও বক্তব্য দেন গণসংহতি আন্দোলন বরিশাল জেলার সহ-নির্বাহী সমন্বয়কারী আবুল হোসেন মারুফ, অর্থ সম্পাদক ইয়াসমিন সুলতানা, দফতর সম্পাদক হাছিব আহমেদ ও সহ-সাংগঠনিক সম্পাদক সাকিবুল ইসলাম সাফিন। কর্মসূচিতে সংহতি জানিয়ে বক্তব্য দেন বাংলাদেশ ছাত্র ফেডারেশন বরিশাল জেলার সাধারণ সম্পাদক রাইদুল ইসলাম সাকিব।

স্বামীকে কুপিয়ে হত্যা করে লাশ

আলীনগর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের রুহিতা গ্রামে থাকতেন। স্বামী ফরহাদ হোসেন টিটব দ্বিতীয় স্ত্রীর বাড়িতে তেমন যাতায়াত করতে না এবং তার খোঁজ খবর নিতেন না বলে তাদের মধ্যে ঝগড়া লেগেই থাকতো। এ ঘটনার পরিপ্রেক্ষিতে ২০২১ সালের ২৩ অক্টোবর সন্ধ্যার দিকে দ্বিতীয় স্ত্রী নুরনাহার বেগম স্বামীকে ফোন করে তার বাড়িতে আসতে বলেন। পরে সন্ধ্যার পরে টিটব দ্বিতীয় স্ত্রীর বাড়িতে যায়। এরপর স্বামী-স্ত্রীর মধ্যে ঝগড়া হয়। এ নিয়ে গভীর রাতে কোনো এক সময় স্বামীকে দা দিয়ে কুপিয়ে হত্যা করেন। হত্যার পরে শরীরের কিছু অংশ পাতিলে ভরে রাখেন। পরের দিন সকালে নুরনাহার বেগমকে দা হাতে রক্তাক্ত অবস্থায় ঘরের দরজায় স্বামীর লাশের পাশে বসে থাকতে দেখে স্থানীয়রা পুলিশে খবর দেন।

ইরানের সঙ্গে সমঝোতার মেয়াদ

দাবি, ইরান এখনো সংঘাত শেষ করতে যুক্তরাষ্ট্রের শর্ত মেনে নিতে রাজি নয়। এ কারণে সমঝোতার মেয়াদ বাড়ানোর কোনো পরিকল্পনা ওয়াশিংটনের নেই। এদিকে হরমুজ প্রণালি নিয়ে আবারও মন্তব্য করেছেন ট্রাম্প। তার দাবি, প্রণালিটি ‘খোলা’ রয়েছে এবং প্রতি সপ্তাহে এই জলপথ দিয়ে লাখ লাখ ব্যারেল তেল পরিবহন হচ্ছে। হরমুজ প্রণালিকে যুক্তরাষ্ট্রের ভূখণ্ড হিসেবে ঘোষণা করার ইচ্ছার কথাও আবার জানিয়েছেন তিনি। ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প ওমানকে নিয়েও হুমকি দিয়েছেন। হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্রের সামরিক কর্মকাণ্ডে ওমান বাধা দিলে দেশটিতে হামলা চালানোর হুমকি দেন তিনি। এদিকে ইরান হরমুজ প্রণালিতে একটি তেলবাহী ট্যাংকার আটক করেছে। সামুদ্রিক পরিবহনবিধি লঙ্ঘনের অভিযোগে জাহাজটি আটক করা হয়েছে বলে ইরানি কর্তৃপক্ষ জানিয়েছে। ইরানের রাষ্ট্রীয় টেলিভিশন জানিয়েছে, জাহাজটি থামানোর পর বর্তমানে কেশম দ্বীপের কাছে অবস্থান করছে। তবে জাহাজটির নাম বা লঙ্ঘনের বিস্তারিত জানানো হয়নি। এদিকে হরমুজ দিয়ে জাহাজ চলাচল উল্লেখযোগ্যভাবে কমে গেছে। জাহাজ চলাচল পর্যবেক্ষণকারী প্রতিষ্ঠান কেপলারের তথ্য অনুযায়ী, ১৬ আগস্ট মাত্র পাঁচটি কার্গো জাহাজ হরমুজ প্রণালি অতিক্রম করেছে। এর আগের দিন কোনো কার্গো জাহাজ চলাচল রেকর্ড হয়নি। তবে ইরান যুক্তরাষ্ট্রের দেওয়া ৬০ দিনের সময়সীমার বিষয়টি মানছে না। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেছেন, ওয়াশিংটনের সঙ্গে করা সমঝোতা স্মারকে ৬০ দিনের কোনো নির্দিষ্ট সময়সীমা উল্লেখ নেই। তিনি বলেন, তেহরান কোনো সময়সীমার চাপে সিদ্ধান্ত নেবে না। ইরান তার জাতীয় স্বার্থ বিবেচনা করেই পরবর্তী পদক্ষেপ নেবে।

তারেক রহমান নিজের জন্য গর্ত খুঁড়ছেন

সমালোচনা করেন। সোমবার (১৭ আগস্ট) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে কানওয়াল সিবাল বলেন, ‘তারেক রহমান এমন এক গর্ত খুঁড়ছেন, যেখান থেকে আর বের হতে পারবেন না।’ ভারতের এই সাবেক কূটনীতিক বলেন, ‘তারেক রহমানের ভারত সফরকে হাসিনার প্রত্যর্পণের সঙ্গে যুক্ত করাটা কঠোর অবস্থান। এটি কূটনীতি নয়, এটি খামখেয়ালিপনা। আলোচনার জন্য একটি দরজা খোলা রাখা উচিত ছিল।’ কানওয়াল সিবাল আরও বলেন, ‘ভারতের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানও একই ধরনের ভুল করেছিলেন।’ বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফরের সম্ভাবনা নিয়ে দুই দেশের কর্মকর্তারা কয়েক সপ্তাহ ধরে যোগাযোগ করছিলেন। তবে গত ৫ আগস্ট নয়াদিল্লিতে শেখ হাসিনার প্রকাশ্য বক্তব্যের পর সেই প্রক্রিয়া ‘বিঘ্নিত’ হয়েছে বলে জানিয়েছে ঢাকা। বাংলাদেশের পক্ষ থেকে ভারতকে শেখ হাসিনা এবং অন্যান্য পলাতক আসামিকে দ্রুত প্রত্যর্পণের অনুরোধ জানানো হয়েছে। এছাড়া দ্বিপক্ষীয় প্রত্যর্পণ চুক্তির আওতায় শরীফ ওসমান হাদির হত্যা মামলার আসামিদেরও হস্তান্তরের অনুরোধ করে বাংলাদেশ। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, এসব বিষয়ে ভারতের জবাবের অপেক্ষায় ঢাকা। ২০২৪ সালের আগস্টে ক্ষমতাচ্যুত হওয়ার পর থেকে শেখ হাসিনা ভারতে অবস্থান করছেন। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে নয়াদিল্লিতে অনুষ্ঠিতব্য ব্রিকস সম্মেলনে যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানিয়েছেন। এখন পর্যন্ত মোদী তাকে দুবার আমন্ত্রণ জানিয়েছেন। প্রথম আমন্ত্রণটি সরাসরি তারেক রহমানের কাছে পৌঁছে দেন ভারতের লোকসভার স্পিকার ওম বিড়লা। ঢাকায় তারেক রহমানের সঙ্গে বৈঠকের সময় তিনি ওই আমন্ত্রণ জানান।

কাউখালীতে নাগরিক উদ্যোগের

হয়েছে বলে জানা যায়। প্রকল্পের সদস্য মহিউদ্দিন আহম্মেদের সভাপতিত্বে উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান। তিনি তাঁর বক্তব্যে বলেন,”স্থানীয় পর্যায়ে বিচারপ্রাপ্তিতে প্রান্তিক ও জেন্ডার সংবেদনশীল জনগোষ্ঠীর প্রবেশাধিকার সুগম করতে আরজেএমএফ এবং নাগরিক উদ্যোগের এ ধরনের বার্ষিক পর্যালোচনা ও কর্মপরিকল্পনা অত্যন্ত প্রশংসনীয়। স্থানীয় বিরোধ দূর করে ন্যায়বিচার প্রতিষ্ঠায় সামাজিক এই উদ্যোগগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।” ?অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন কাউখালী থানার ওসি (তদন্ত) মোঃ এবাদত আলী মোল্লা এবং উপজেলা বিআরডিবি কর্মকর্তা মোঃ মাছুম বিল্লাহ প্রমুখ। সভায় প্রজেক্ট সম্পর্কিত মূল বিষয়বস্তু,অর্থায়ন ও সার্বিক অগ্রগতি তুলে ধরে বক্তব্য রাখেন, নাগরিক উদ্যোগের প্রজেক্ট কো-অর্ডিনেটর লাকি আক্তার এবং সিনিয়র ফাইনান্স অফিসার মোঃ শফিকুল ইসলাম। অন্যান্যের মধ্যে সভায় আরও উপস্থিত ছিলেন সংস্থার সদস্য এম শহিদুল আলম বাদল,মোঃ সামসুল আলম মিল্টন,মোঃ নুরুজ্জামান,মুন্নি বেগম ও মোসাঃ আক্তারুন্নেহার। মাঠপর্যায়ের কর্মীবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন প্রোগ্রাম অফিসার মোঃ মহসিন মিয়া, কমিউনিটি প্যারালিগাল সুমা মীর,হোসনেয়ারা খানম, জীবনকৃষ্ণ দাস এবং কর্মসূচি সহকারি শংকর কর্মকার। এছাড়াও পর্যালোচনা সভায় কাউখালী উপজেলার সকল আরজেএমএফ সদস্যবৃন্দ, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ এবং বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকগণও উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন, সিনিয়র প্রোগ্রাম অফিসার আবু নাসের।

নদীভাঙনের মুখে বাউফলের

রয়েছে হিস্যাজাত সরকারি প্রাথমিক বিদ্যালয়। গোপালিয়া বাজার এলাকায় নদীর তীর থেকে প্রায় ৫০ ফুট দূরত্বে অবস্থান করছে পশ্চিম কাছিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। এছাড়া নিমদি সরকারি প্রাথমিক বিদ্যালয় তেঁতুলিয়া নদীর ভাঙনের মুখে পড়েছে। স্থানীয় অভিভাবক ও বাসিন্দাদের দাবি, দ্রুত নদীভাঙন রোধে কার্যকর ব্যবস্থা না নিলে বিদ্যালয়গুলো নদীগর্ভে বিলীন হওয়ার পাশাপাশি শিক্ষার্থীদের পড়াশোনাও ব্যাহত হতে পারে। তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জরুরি ভিত্তিতে নদীতীর সংরক্ষণ ও ভাঙন প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন তারা। পশ্চিম কাছিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুনিল চন্দ্র দাস বলেন, ‘আমার বিদ্যালয়টি খুবই ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। গত বছর পানি উন্নয়ন বোর্ড বালুর বস্তা ফেলেছিল। ফলে কিছুদিন ভাঙন নিয়ন্ত্রণে ছিল। কিন্তু হঠাৎ করে মাসখানেক আগে সেখানে ভাঙনের তীব্রতা বেড়ে যায়। কর্তৃপক্ষ দ্রুত ব্যবস্থা না নিলে একটি মসজিদ, বাজার ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পড়াশোনা বন্ধ হয়ে যেতে পারে। নতুন করে ভবন করার মতো আশপাশে জায়গা নেই। তাই ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন, বিদ্যালয়টি রক্ষায় দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হোক।’ উপজেলা শিক্ষা অফিস সূত্র জানায়, তেঁতুলিয়ার ভাঙনে ইতিমধ্যে ধুলিয়া ইউনিয়নের চরবাসুদেবপাশা সরকারি প্রাথমিক বিদ্যালয় বিলীন হয়ে গেছে। নিমদি বিদ্যালয় ভাঙনের মুখে পড়ায় বিকল্প স্থানে নতুন একটি ভবন প্রস্তুত করা হয়েছে। কাছিপাড়া ইউনিয়নের তিনটি বিদ্যালয়ের বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। পটুয়াখালী জেলা শিক্ষা কর্মকর্তা মাসুদ করিম বলেন, ‘নদীতীরবর্তী এলাকার বিদ্যালয়গুলোতে পাঠদানের পাশাপাশি দুর্যোগকালীন সময়ে আশ্রয়কেন্দ্র হিসেবেও ব্যবহার করা হয়। তাই ভাঙন রোধের জন্য ঝুঁকিপূর্ণ এলাকায় স্থায়ীভাবে বাঁধ নির্মাণ করা অত্যন্ত জরুরি। কাছিপাড়া ও নাজিরপুর ইউনিয়নে নদীভাঙনের তীব্রতার বিষয়টি পানি উন্নয়ন বোর্ডের ঊর্ধ্বতন কর্মকর্তাদের অবহিত করা হয়েছে।’ পটুয়াখালী পানি উন্নয়ন বোর্ডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. শাহনেওয়াজ তালুকদার বলেন, ‘নদীভাঙন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।’ তিনি বলেন, ভাঙনকবলিত এলাকায় বালুর বস্তা বাজের মাধ্যমে ফেলতে হবে। এতে বালুর বস্তাগুলো একটির ওপর আরেকটি সঠিকভাবে বসবে এবং দীর্ঘদিন টিকে থাকবে। তিনি আরও বলেন, বর্তমানে একটি বাজ পায়রা নদীতে রয়েছে। সেখান থেকে বাজ এনে বালুর বস্তা ফেলার ব্যবস্থা করা হবে। ট্রলারের মাধ্যমে বালুর বস্তা ফেলতে চান না তারা। কারণ জোয়ার-ভাটার কারণে বালুর বস্তা ঠিক কোথায় পড়ছে, তা সঠিকভাবে বোঝা যায় না।

‘জীবনের গল্প বাকি আছে

টিকাসার গ্রামের পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়। তার মৃত্যুতে গভীর শোক ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন এমপিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মীরা।

শয্যাসংকটে র‌্যাম্পে

৪৮ জন। এর মধ্যে ৩৪ জন চিকিৎসের মধ্যে কাগজে-কলমে ৯ জনের পদায়ন থাকলেও বাস্তবে চিকিৎসা দিচ্ছেন মাত্র চারজন। বাকিরা হাসপাতালে দায়িত্ব পালন না করে নানা অজুহাতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ অবস্থায় চিকিৎসাসেবা দিতে হিমশিম খাচ্ছে হাসপাতাল কর্তৃপক্ষ। সূত্র আরো জানায়, হাসপাতালটিতে চিকিৎসকের ৩৪টি পদের মধ্যে ২৫টিই শূন্য। নার্স ও মিডওয়াইফের ৩০টি পদের বিপরীতের কর্মরত রয়েছেন ১৮ জন। তৃতীয় শ্রেণির ৩৭টি পদের ২৫টি ও চতুর্থ শ্রেণির ২২টি পদের ১৪টি পদ শূন্য। হাসপাতালের ইনডোরে প্রতিদিন গড়ে ৭৫ জন রোগী ভর্তি হয় এবং আউটডোরে গড়ে প্রতিদিন চিকিৎসা নিয়ে থাকেন ৩০০ রোগী। শনিবার (১৫ আগস্ট) সরেজমিন মনপুরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে দেখা যায়, পুরনো ভবনের দোতলায় তিনটি ওয়ার্ডে কোনো শয্যা খালি নেই। হাসাতালের মেঝে, বারান্দা ও সিঁড়ির র‌্যাম্পে চিকিৎসা দেওয়া হচ্ছে শিশুসহ বিভিন্ন বয়সী রোগীদের। রোগীদের শয্যার পাশে ও হাসপাতালটির সিঁড়িতে ময়লা-আবর্জনা থাকায় দুর্গন্ধের মধ্যেই চিকিৎসা নিচ্ছেন তারা। দেখা যায়, হাসাপাতালে ভর্তি রোগীদের মধ্যে বেশি শিশু রোগী। তাদের অধিকাংশই হাম ও ঠাণ্ডাজনিত রোগে আক্রান্ত। হামে আক্রান্ত রোগীদের সঙ্গে পাশাপাশি শয্যায় গাদাগাদি করে চিকিৎসা নিচ্ছেন সাধারণ রোগীরা। এদিকে, নতুন ভবনের নিচতলার আউটডোরে শতাধিক রোগী সারিতে দাঁড়িয়ে চিকিৎসা সেবা নিচ্ছেন। বিভিন্ন চর থেকে আসা এসব রোগীকে চিকিৎসা দিচ্ছেন মাত্র দুইজন চিকিৎসক। দীর্ঘক্ষণ সারিতে দাঁড়িয়ে থেকে ভোগান্তিতে পড়তে হচ্ছে তাদের। হাসপাতালে চিকিৎসা নিতে আসা কলাতলী চরের বাসিন্দা মো. ফারুক জানান, তিন শিশুসন্তানকে নিয়ে হাসপাতালে এসেছেন তিনি। তিনজনই হামে আক্রান্ত। তবে হাসাতালে কোনো শয্যা খালি নেই। তাই র‌্যাম্পে শুয়ে চিকিৎসা নিচ্ছে শিশুরা। মেঝেতে বিছানোর জন্য হাসপাতাল থেকে ফোমের একটি শয্যা দেওয়া হলেও বিছানার চাদর দেওয়া হয়নি। হাজিরহাট ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের সোনারচর এলাকার বাসিন্দা মো. শাহাদাত জানান, তার দুই বছর বয়সী ছেলের ডায়রিয়া হওয়ায় শুক্রবার সকালে তাকে হাসপাতালে ভর্তি করিয়েছেন। তবে শয্যা না পাওয়ায় র‌্যাম্পে বিছানা করে দেওয়া হয়েছে শিশুটির জন্য। শাহাদাতের অভিযোগ, হাসপাতালে চিকিৎসা নেওয়ার মতো কোনো পরিবেশ নেই। চারদিকে ময়লা-আবর্জনার দুর্গন্ধ। র‌্যাম্পে বিদ্যুৎ সুবিধা না থাকায় গরমে শিশুদের নিয়ে ভোগান্তিতে পড়তে হচ্ছে। চিকিৎসা নিতে আসা চরফৈজুদ্দিন গ্রামের বাসিন্দা মো. ইলিয়াস জানান, তিনি পাঁচ দিন ধরে হাসপাতালে ভর্তি রয়েছেন। শয্যা খালি না থাকায় হাসপাতালের বারান্দায় বিছানা করে চিকিৎসা নিতে হচ্ছে তাকে। প্রতিদিন একজন চিকিৎসক এসে দেখে যান। এছাড়া আর কোনো সেবা তারা পান না। তিনি বলেন, হাসপাতালের যে পরিবেশ তাতে চিকিৎসা নিতে এসে উল্টো অসুস্থ হওয়ার সম্ভাবনা বেশি। মনপুরা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. কবির সোহেল বলেন, হাসপাতালটি ৫০ শয্যার হলেও মূলত আগের ৩১ শয্যায় চিকিৎসাসেবা দেওয়া হয়। নানা সংকটে বাকি ১৯ শয্যা চালু করা যায়নি। ফলে রোগীদের মেঝেতে থেকে চিকিৎসা নিতে হচ্ছে। ডা. কবির জানান, হাসপাতালে প্রতিদিন গড়ে ৮০ জনের ওপর রোগী ভর্তি থাকেন, বহিঃবিভাগে চিকিৎসা নেন তিন শতাধিক। তিনি বলেন, হাসপাতালের চিকিৎসক, নার্সসহ বিভিন্ন পদের মধ্যে ৬১ শতাংশ পদই খালি। তার পরও মাত্র চারজন চিকিৎসক দিয়ে সর্বোচ্চ সেবা দেওয়ার চেষ্টা করে যাচ্ছি।

আবহমান বাংলার ঐতিহ্যে

লঞ্চঘাট থেকে শুরু হয় জমজমাট নৌকাবাইচ। এতে ১০টি নৌকা ও জেলেদের দল অংশ নেয়। নদীর বুক চিরে বৈঠার ছন্দ আর প্রতিযোগীদের হইচইয়ে সৃষ্টি হয় উৎসবের আমেজ। নৌকাবাইচ শেষ হয় ঝালকাঠি মিনি পার্ক এলাকায়। ঐতিহ্যবাহী এ নৌকাবাইচ দেখতে সুগন্ধা নদীর দুই তীরে জেলার বিভিন্ন প্রান্ত থেকে ছুটে আসেন নানা বয়সী মানুষ। শিশু থেকে বৃদ্ধ সবার উপস্থিতিতে নদীর পাড় পরিণত হয় মিলনমেলায়। অনেকেই নৌকাবাইচের দৃশ্য মোবাইল ফোনে ধারণ করে স্মৃতিতে ধরে রাখেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগের উপপরিচালক মো. মুসফিকুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন ঝালকাঠির অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) এস এম বায়েজিদ ইবনে আকবর, সিভিল সার্জন ডা. মোহাম্মদ হুমায়ুন কবীর, জেলা মৎস্য কর্মকর্তা মো. এনামুল হকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা। নৌকাবাইচের পাশাপাশি জাতীয় মৎস্য পক্ষ উপলক্ষে আয়োজিত বিভিন্ন কর্মসূচির মূল্যায়ন করা হয়। পরে মৎস্য খাতে অবদান ও নৌকাবাইচে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। নৌকাবাইচে ধানসিঁড়ি ইউনিয়ন প্রথম স্থান অর্জন করে। এ সময় অংশগ্রহণকারীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। বক্তারা বলেন, নদী-খাল আর নৌকার সঙ্গে জড়িয়ে আছে বাঙালির হাজার বছরের জীবন ও সংস্কৃতি। ঐতিহ্যবাহী নৌকাবাইচ শুধু বিনোদনের আয়োজন নয়; এটি গ্রামীণ বাংলার লোকজ সংস্কৃতি ও নদীমাতৃক জীবনের এক অনন্য প্রতিচ্ছবি। একই সঙ্গে দেশের মৎস্যসম্পদ সংরক্ষণ, উৎপাদন বৃদ্ধি এবং নিরাপদ মাছ উৎপাদনের ওপর গুরুত্বারোপ করেন তারা। ‘রূপালী মৎস্যে স্বনির্ভর দেশ, সবার আগে বাংলাদেশ’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ১৬ থেকে ১৮ আগস্ট জাতীয় মৎস্য পক্ষ-২০২৬ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন করা হয়।

পা বেঁধে পানিতে ফেলে

থেকে ছাগল দুটিকে মৃত অবস্থায় উদ্ধার করেন। হালিম হাওলাদার বলেন, ভুলক্রমে ছাগল দুটি প্রতিবেশী সুনীল হালদারের জমিতে চলে যায়। পরে ছাগল খুঁজতে গিয়ে জমির পাশের ডোবায় হাত-পা বাঁধা অবস্থায় তাদের ভাসতে দেখেন। তার অভিযোগ, সুনীল হালদারই ছাগল দুটি পানিতে ফেলে হত্যা করেছেন। এ ঘটনায় তিনি বিচার দাবি করেন। তবে ছাগল হত্যার অভিযোগ অস্বীকার করেছেন সুনীল হালদার। তিনি বলেন, ছাগল দুটি প্রায়ই তার ফসলি জমিতে এসে ঘাস খেত। তিনি কখনো ছাগল দুটিকে আঘাত করেননি। বরং মালিককে ছাগল বেঁধে পালনের কথা বলেছিলেন। পারিবারিক বিরোধের কারণে তার বিরুদ্ধে অপবাদ দেওয়া হচ্ছে বলেও দাবি করেন তিনি। সমুদয়কাঠি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান ও সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য রুবেল গাজী বলেন, বিষয়টি শুনে তিনি মর্মাহত হয়েছেন। এভাবে দুটি প্রাণীকে হত্যা করা হয়ে থাকলে এর সঙ্গে জড়িত ব্যক্তির শাস্তি হওয়া উচিত। নেছারাবাদ থানার ওসি মেহেদী হাসান বলেন, এ ঘটনায় থানায় মামলা হয়েছে। মামলার আসামি সুনীল হালদার পলাতক রয়েছেন। তাকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

আগৈলঝাড়া ইকরা নুরানী মাদ্রাসার

এসে সংযোগ বিচ্ছিন্ন ও বিভিন্ন সরঞ্জাম এলোমেলো অবস্থায় দেখতে পান। আকস্মিক এই ঘটনায় পুরো প্রতিষ্ঠানের বৈদ্যুতিক ব্যবস্থা বিকল হয়ে পড়েছে, যার ফলে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ও দৈনন্দিন পরিচালনা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। এ ঘটনায় মাদ্রাসার প্রতিষ্ঠাতা ও মুহতামিম হাফেজ মাওলানা মো. শফিকুল ইসলাম বাদী হয়ে আগৈলঝাড়া থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। তিনি জানান, মাদ্রাসার সম্পদ বিনষ্টের পাশাপাশি চুরির এ ঘটনায় শিক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে।এবং প্রকৃতি দোষীদের দ্রুত চিহ্নিত করে আইনি ব্যবস্থা দানে প্রশাসনের প্রতি জোর দাবি জানান উক্ত চুরির ঘটনার সত্যতা নিশ্চিত করে আগৈলঝাড়া থানার এসআই) সমীর জানান, লিখিত অভিযোগ পাওয়ার পরপরই পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করছেন এবং ঘটনাটি আইনি প্রক্রিয়া চলমান রয়েছে প্রতিষ্ঠানের সিসিটিভি ফুটেজ ও পারিপার্শ্বিক তথ্য সংগ্রহ করা হচ্ছে। এ ঘটনার সঙ্গে জড়িতদের দ্রুত শনাক্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

প্রধান শিক্ষকের অপসারনের

উঠেছে। আর এসকল অভিযোগের সুষ্ঠ তদন্ত পূর্বক বিতর্কিত ঐ প্রধান শিক্ষরেকর অপসারনের দাবিতে গতকাল মঙ্গলবার সকাল সারে দশটায় বিদ্যালয়ের সকল শিক্ষার্থীরা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মো. হাসিবুল হাসানের কাছে উপজেলা পরিষদ চত্বরে জরো হন। এসময় উপজেলা নির্বাহী অফিসার মো. হাসিবুল হাসান উপস্থিত শিক্ষার্থীদের কথা মনোযোগ সহকারে শোনেন এবং শিক্ষার্থীদের আশ্বস্ত করেন তিনি বিষয়টি অতি গুরুত্বের সহিত দেখবেন। এছাড়া এসময় শিক্ষার্থীদের বলেন, আমি (ইউএনও) ইতোমধ্যে পৃথক ভাবে দুই বাার বিদ্যালয়ে গিয়েছি এবং ঐ প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনিত অভিযোগের প্রাথমিক সত্যতা পেয়েছি। এসময় শিক্ষার্থীদের নানা ধরনের শঙ্কার বিষয়ে ইউএনও তাদের(শিক্ষার্থীদের) আস্বস্ত করেন, বিষয়টির সুষ্ঠ সমাধানের জন্য এবং প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনিত অভেযোগের বিষয় অধিকতর যাচাই বাছাই এবং তদন্তের জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ সুবেদ সরকার কে আহবায়ক এবং যুব উন্নয়নকর্মকর্তা সৈয়দ আজমল হোসেনকে সদস্য সচিব করে এবং মাধ্যমিক শিক্ষাকর্মকর্তা ও এ্যাকাডেমিক সুপাইরভাইজারকে সদস্য করে চার সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। চার কার্যদিবসের মধ্যে তাদের তদন্ত রিপোর্ট দাখিলের পর পরবর্তী আইনানুগ ব্যাবস্থা গ্রহন করা হবে। ইউএনওর এই আশ্বাসের পর শিক্ষার্থীরা স্থান ত্যাগ করেন। এদিকে সকাল পৌঁণে বারোটার দিকে ঐ বিদ্যালয় সরেজমিনে গিয়ে দেখা যায় বিদ্যালয়টি কোন শিক্ষার্থী নেই। তবে শিক্ষক মিলনায়তনে অন্যান্য শিক্ষক,কর্মকর্তা,কর্মচারি থাকলেও প্রধান শিক্ষকের কক্ষ তালাবদ্ধ দেখা যায়। এসময় প্রধান শিক্ষক এসএম মুজিবুর রহমানকে মুঠো ফোনে ফোন করা হলে তিনি জানান,আমি শিক্ষকদের হাজিরা নিয়ে হাজিরা খাতা আমার কক্ষে রেখে কক্ষ তালা বদ্ধ করে ইউএনওর বিরুদ্ধে বিচারের দাবিতে পিরোজপুর জেলায় ডিসি স্যারের কাাছে আসছি। অন্যদিকে ক্লাসে শিক্ষার্থীরা না থাকায় বিদ্যালয়ের অন্য শিক্ষকগণ শিক্ষক মিলনায়তনে অলস সময় পার করতে দেখা গেছে। এসময় তাদের সাথে আলাপ কালে তারা জানান,প্রধান শিক্ষকের বিরুদ্ধে একাধিক সহকারী শিক্ষকের স্বাক্ষরিত লিখিত অভিযোগের ভিত্তিতে গত রোববার (১৬ আগস্ট) বিকেলে এবং পরের দিন ১৭আগষ্ট সোমবার দুপুরে মোট ২দফা বিদ্যালয়ে সরেজমিন তদন্তে আসেন ইউএনও মো.হাসিবুল হাসান। এসময় তিনি অভিযোগকারী ও ভুক্তভোগী শিক্ষকদের সঙ্গে কথা বলেন এবং অভিযোগের বিভিন্ন তথ্য-উপাত্ত ও সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা করেন। তদন্তকালে শিক্ষকেরা প্রধান শিক্ষকের বিরুদ্ধে আর্থিক অনিয়ম, ক্ষমতার অপব্যবহার, মানসিক হয়রানি এবং প্রশাসনিক স্বেচ্ছাচারিতার ছাড়াও বিদ্যালয়ের নারী শিক্ষকদের প্রকাশ্যে তাদের পোশাক নিয়ে কটূক্তি করার পাশাপাশি বিভিন্নভাবে মানসিক হয়রানি করে আসছেন। আর এর প্রতিবাদ করতে গেলেই প্রধান শিক্ষক প্রতিবাদকারীদের অভ্যন্তরীণ বেতন বন্ধ রাখেন। শিক্ষকদের অভিযোগ, বিদ্যালয়ের আয়-ব্যয়ের সঠিক হিসাব সংরক্ষণ করা হয় না। ২০২৫ সালের ফেব্রুয়ারি থেকে জুন পর্যন্ত রশিদ ও যথাযথ ভাউচার ছাড়াই বিদ্যালয়ের বিপুল পরিমাণ অর্থ উত্তোলন করা হয়েছে। ওই অর্থ কোথায় এবং কীভাবে ব্যয় হয়েছে, তার যথাযথ হিসাবও উপস্থাপন করা হয়নি বলে অভিযোগ করেছেন শিক্ষকরা। সাময়িক বরখাস্ত ও পুনর্বহালের সুযোগ দেখিয়ে অর্থ দাবি করার অভিযোগও রয়েছে। অভিযোগকারীদের দাবি, ফারজানা আক্তার নিপা নামের একজনকে নিয়মবহির্ভূতভাবে প্যারা-টিচার হিসেবে নিয়োগ দিয়ে তার মাধ্যমে বিদ্যালয়ের ছাত্রীদের প্রাইভেট ও কোচিং পড়তে বাধ্য করা হয়েছে। ওই কোচিং কার্যক্রম থেকে প্রধান শিক্ষক নির্দিষ্ট অংশ কমিশন হিসেবে গ্রহণ করতেন বলেও অভিযোগে উল্লেখ করা হয়েছে। এদিকে ২০২৩ সালে বিদ্যালয়ের সাবেক সভাপতি লিয়াকত আলী তালুকদারের করা একটি মামলায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগের তদন্তভার পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) ওপর দেওয়া হয়েছিল। তদন্ত শেষে অর্থ আত্মসাতের বিষয়টি প্রমাণিত হয়েছে বলে দাবি করেছেন অভিযোগকারী শিক্ষকরা। বিদ্যালয়ের অর্থ যৌথ ব্যাংক হিসাবে না রেখে প্রধান শিক্ষক নিজের একক নামে অ্যাকাউন্ট খুলে অর্থ উত্তোলন করেছেন বলেও অভিযোগ করা হয়েছে। ওই অ্যাকাউন্টে বিদ্যালয়ের অর্থ জমা ও উত্তোলনের বিষয় এবং অর্থ ব্যয়ের হিসাব শিক্ষক ও অভিভাবকদের জানানো হয়নি বলে অভিযোগকারীরা দাবি করেছেন। এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণ নিয়েও অভিযোগ রয়েছে। অভিযোগপত্রে বলা হয়েছে, টেস্ট পরীক্ষায় পাঁচ, ছয় বা সাত বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়ার কথা বলে প্রত্যেকের কাছ থেকে ৫ হাজার থেকে ১০ হাজার টাকা পর্যন্ত নেওয়া হয়েছে। বিদ্যালয় থেকে শিক্ষার্থীদের টিসি বা ছাড়পত্র দেওয়ার ক্ষেত্রেও ২ হাজার ৫০০ থেকে ৫ হাজার টাকা পর্যন্ত অর্থ দাবি ও আদায়ের অভিযোগ রয়েছে। এছাড়া এসএসসি পরীক্ষার্থীদের কোচিং করানোর নামে শিক্ষার্থীদের কাছ থেকে লাখ লাখ টাকা আদায়ের অভিযোগ করেছেন শিক্ষকরা। তাদের দাবি, কোচিং কার্যক্রমে যুক্ত সহকারী শিক্ষকদের প্রাপ্য অর্থ পরিশোধ না করে পুরো অর্থের ব্যবস্থাপনা প্রধান শিক্ষক নিজেই করেছেন। বিদ্যালয়ের সংস্কার, প্রচার ও অন্যান্য কাজের কথা বলে শিক্ষকদের কাছ থেকেও বিভিন্ন সময় অর্থ নেওয়ার অভিযোগ রয়েছে। শিক্ষকদের অভিযোগ, এসব অনিয়ম ও স্বেচ্ছাচারী কর্মকাণ্ডের কারণে বিদ্যালয়ের স্বাভাবিক প্রশাসনিক কার্যক্রম ও শিক্ষার পরিবেশ ব্যাহত হচ্ছে। তবে এসকল অভিয়োগ সত্য নয় বলে দাবি প্রধান শিক্ষকের। এছাড়াও তদন্তের বিষয় চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে প্রধান শিক্ষক বলেন, ইউএনওর কাজ ইউএনও করবে এবং আমি আমার কাজ করব। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও বিদ্যালয়ের সভাপতি মো. হাসিবুল হাসান গতকাল মঙ্গলবার স্থানীয় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্ণের জবাবে বলেন, শিক্ষকদের লিখিত অভিযোগ এবং সরেজমিন তদন্তকালে সংগৃহীত তথ্য-উপাত্ত পর্যালোচনা করে প্রধান শিক্ষকের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগগুলোর সত্যতা পাওয়া গেছে। বিষয়টি আরও অধিকতর তদন্তের জন্য চার সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি অভিযোগগুলোর বিস্তারিত যাচাই-বাছাই করে আগামী চার দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করবে। প্রতিবেদন পাওয়ার পর প্রধান শিক্ষকের বিরুদ্ধে প্রচলিত বিধি অনুযায়ী প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আবেদনের শেষ সময়

উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায় বিভিন্ন ভাতা ও শিক্ষা উপবৃত্তির জন্য অনলাইনে আবেদন নেওয়া হচ্ছে। এর আগে এসব কর্মসূচিতে অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা ১ থেকে ১৫ আগস্ট পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল। তবে মাঠপর্যায়ের কর্মকর্তা ও আবেদনকারীদের কাছ থেকে সফটওয়্যার, ইন্টারনেট এবং বিদ্যুৎ সমস্যার কারণে অনেকেই আবেদন করতে পারেননি বলে জানতে পারে সমাজসেবা অধিদপ্তর। এ কারণে আবেদন গ্রহণের সময়সীমা আরও ১৬ দিন বাড়িয়ে ৩১ আগস্ট পর্যন্ত করা হয়েছে। ফলে নির্ধারিত যোগ্যতা থাকা ব্যক্তিরা বর্ধিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করতে পারবেন। সমাজসেবা অধিদপ্তরের বিজ্ঞপ্তি অনুযায়ী, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের পাশাপাশি হিজড়া, বেদে, অনগ্রসর জনগোষ্ঠী ও চা-শ্রমিকদের ভাতা এবং শিক্ষা উপবৃত্তিও এ আবেদনের আওতায় রয়েছে। আবেদনকারীদের নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য বলা হয়েছে। আবেদন করা যাবে সমাজসেবা অধিদপ্তরের নির্ধারিত অনলাইন প্ল্যাটফর্মে। আবেদনের লিংক হলো dss.bhata.gov.bd/online-application। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, আগের অনলাইন আবেদন গ্রহণের ক্ষেত্রে দেওয়া অন্যান্য নির্দেশনা ও শর্তগুলো বহাল থাকবে। সংশ্লিষ্ট বিভাগীয় ও মাঠপর্যায়ের সমাজসেবা কার্যালয়গুলোকে আবেদন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে। তাই নির্ধারিত কর্মসূচির আওতায় ভাতা বা শিক্ষা উপবৃত্তি পেতে আগ্রহী যোগ্য আবেদনকারীদের ৩১ আগস্টের মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ১৯ আগস্ট ২০২৬ ॥ ০৫ ভাদ্র ১৪৩৩

তারেক রহমান নিজের জন্য গর্ত খুঁড়ছেন ভারতের সাবেক পররাষ্ট্রসচিব

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের কঠোর সমালোচনা করেছেন ভারতের সাবেক পররাষ্ট্রসচিব কানওয়াল সিবাল। সম্ভাব্য ভারত সফরের সঙ্গে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যর্পণের বিষয়টি যুক্ত করায় তিনি তারেক রহমানের ৩ এর পাতায় দেখুন

ইরানের সঙ্গে সমঝোতার মেয়াদ বাড়াবে না যুক্তরাষ্ট্রঃ ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক

ইরানের সঙ্গে করা সমঝোতা স্মারক বা এমওইউর মেয়াদ আর বাড়াবে না যুক্তরাষ্ট্র। সোমবার (১৬ আগস্ট) মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এ কথা জানিয়েছেন। ইরাকি বার্তাসংস্থা শাফাক নিউজ এ খবর প্রকাশ করেছে। ট্রাম্পের ৩ এর পাতায় দেখুন

কুয়াকাটা সৈকতে তীব্র ভাঙন, বিলীন হওয়ার পথে ট্যুরিস্ট পুলিশ বক্স

কলাপাড়া প্রতিনিধি

‘গত এক বছর যাবৎ আমাদের বক্সের আশেপাশের অংশ সমুদ্রে চলে গেছে। এতে সমুদ্র উত্তাল হলেই আমরা আতঙ্কে থাকি। এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ, বিচ ম্যানেজমেন্ট কমিটি এবং উপজেলা মাসিক মিটিংসহ বিভিন্ন দপ্তরে মেরামত ও সংরক্ষণের কথা বলেছি। ইতোমধ্যে আমাদের বক্সের ভিতরে থাকা সব মালামাল নিয়ে অফিসে রেখেছি। কোনোমতে সামনের অংশে বসে দায়িত্ব পালন করছি। হ্যান্ড মাইক দিয়ে সতর্ক করতে হচ্ছে। আর দু-একদিন এভাবে বালু ক্ষয় হলে বক্সটি সমুদ্রে চলে যাবে। তবে আমরা এখনও সেবা চালিয়ে যাচ্ছি।’ কথাগুলো বলছিলেন ট্যুরিস্ট পুলিশ কুয়াকাটা জোন ইনচার্জ নাজমুল আহসান। পটুয়াখালীর পর্যটননগরী কুয়াকাটা সমুদ্রসৈকতে অব্যাহত ভাঙন ভয়াবহ রূপ ধারণ করেছে। পূর্ণিমার জোয়ার, বৈরী আবহাওয়া ও উত্তাল সাগরের ঢেউয়ে প্রতিদিনই সৈকতের বিস্তীর্ণ এলাকা থেকে বালু সরে যাচ্ছে। ৩ এর পাতায় দেখুন

স্বামীকে কুপিয়ে হত্যা করে লাশ টুকরো করা মামলায় স্ত্রীর মৃত্যুদণ্ড

ভোলা প্রতিনিধি

ভোলায় গভীর রাতে স্বামীকে কুপিয়ে হত্যা মামলায় দ্বিতীয় স্ত্রীকে মৃত্যুদণ্ডের রায় দিয়েছেন আদালত। সাজা প্রাপ্ত আসামীর নাম নুরনাহার বেগম। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরের দিকে ভোলা অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত-২ এর বিচারক মো. এনায়েত উল্লাহ এ রায় দেন। ঘটনার সত্যতা নিশ্চিত করেন বাদী পক্ষের আইনজীবী এডভোকেট হাবিবুর রহমান বাচ্চু। মামলা সূত্রে জানা গেছে, ভোলা সদর উপজেলার উত্তর দিঘলদী ইউনিয়নের জয়গুপি গ্রামের ঝড়ু মুন্সি বাড়ির ম. ফরহাদ হোসেন টিটব দুই বিয়ে করেন। প্রথম স্ত্রী ও মামলার বাদী মাহামুদা বেগম তার সঙ্গে নিজের বাড়িতে থাকতেন। আর দ্বিতীয় স্ত্রী সাজাপ্রাপ্ত আসামী নুরনাহার বেগম একই উপজেলার ৩ এর পাতায় দেখুন

বরিশালে পরিবেশ অধিদপ্তরে বন্ধ পানির মান পরীক্ষা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিভাগে পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারে যন্ত্রপাতির ত্রুটির কারণে প্রায় ৩ বছর ধরে বন্ধ পানির মান পরীক্ষা। এরই মাঝে বর্ষার শুরু থেকে বিভাগে ডায়রিয়াসহ বিভিন্ন পানিবাহিত রোগের প্রকোপ বাড়ায় স্থানীয়দের মাঝে ছড়িয়ে পড়ছে উদ্বেগ। কর্মকর্তারা বলছেন, মন্ত্রণালয়ে এ সংক্রান্ত প্রকল্প অনুমোদনের অপেক্ষায় রয়েছে। জনস্বাস্থ্য সুরক্ষায় ২০১০ সালে বরিশাল পরিবেশ অধিদপ্তরে স্থাপন করা হয় গবেষণাগার। পরিমাপ করা শুরু হয় পানি, বাতাস ও শব্দের দূষণ। তবে তিন বছর ধরে যন্ত্রপাতির ত্রুটির কারণে বন্ধ পানির মান পরীক্ষা। এর মাঝেই ২০২৪ সালের শেষ দিকে নথুল্লাবাদে নতুন ভবনে স্থানান্তর করা হয় দপ্তরটি। তবে এখনো আসেনি নতুন যন্ত্রপাতি। এর আগে বিভিন্ন সময় নগরী ও উপজেলা পর্যায়ে খাবার পানিতে ক্ষতিকর ব্যাকটেরিয়া পাওয়া ৩ এর পাতায় দেখুন

ওষুধের সরকারি মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকরসহ ৩ দফা দাবিতে মানববন্ধন

কীর্তনখোলা রিপোর্ট

অতি প্রয়োজনীয় ওষুধের সরকারি মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর, যুক্তরাষ্ট্রের সঙ্গে স্বাক্ষরিত বাণিজ্য চুক্তি সংশোধন এবং টেকসই জ্বালানি নীতি বাস্তবায়নের দাবিতে বরিশালে মানববন্ধন করেছে গণসংহতি আন্দোলন। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে নগরের অশ্বিনী কুমার হল চত্বরে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। গণসংহতি আন্দোলন বরিশাল জেলার নির্বাহী সমন্বয়কারী আরিফুর রহমান মিরাজের সভাপতিত্বে মানববন্ধনে প্রধান অতিথি ছিলেন সংগঠনের প্রধান সমন্বয়কারী (ভারপ্রাপ্ত) ও বরিশাল জেলা সমন্বয়কারী দেওয়ান আবদুর রশিদ নীলু। দেওয়ান আবদুর রশিদ নীলু বলেন, ওষুধ মানুষের জীবনের সঙ্গে সরাসরি সম্পর্কিত। তাই অতি জরুরি ওষুধের দাম বাজারের ওপর ছেড়ে দেওয়া উচিত নয়। সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে ওষুধের দাম রাখতে কার্যকর সরকারি মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করতে হবে। তিনি বলেন, সরকারি হাসপাতালগুলোতে মানসম্মত চিকিৎসার সংকট রয়েছে। হাসপাতাল থেকে বিনা মূল্যে সরবরাহ ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়া থানা বালিকা বিদ্যালয়
প্রধান শিক্ষকের অপসারনের দাবিতে ফুঁসে উঠেছে শিক্ষার্থীরা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়া থানা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এস এম মজিবুর রহমানের বিরুদ্ধে ফুঁসে উঠেছে বিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থীরা। প্রধান শিক্ষক নিয়ম-নীতির তোয়াক্কা না করে শিক্ষার্থীদের কাছ থেকে রসিদ বিহীন অতিরিক্ত অর্থ আদায়,প্রাইভেট পড়তে বাধ্য করা, ক্রীড়ানুষ্ঠানের পুরস্কার না দেয়া, মনগড়া রেজোলিউশন তৈরি, আর্থিক অনিয়ম, শিক্ষকদের মানসিকভাবে হয়রানি এবং নারী শিক্ষকের পোশাক নিয়ে প্রকাশ্যে কটূক্তিসহ একের পর এক গুরুতর অভিযোগ ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়া ইকরা নুরানী মাদ্রাসার বিদ্যুতের তার ও নগদ টাকা নিয়ে যায় চোরচক্র

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলায় বাশাইল ইকরা নূরানী মাদ্রাসার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে তার কেটে নেওয় ও নগদ টাকা চুরির ঘটনা ঘটেছে। ১৪ আগষ্ট ২০২৬ ইং রাতে উপজেলার রাজিহার ইউনিয়নের বাশাইল গ্রামে চুরির এ ঘটনা ঘটে। মাদ্রাসা কর্তৃপক্ষ জানায়, রাতের আঁধারে একদল চোর চক্র মাদ্রাসার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে টিন কেটে জানালার শিক ভেঙ্গে ভেতরে প্রবেশ করে। তারা শ্রেণিকক্ষ ও বিভিন্ন লাইনের বেশ কিছু মিটার ও সার্ভিসের তার কেটে নিয়ে যায়। এ সময় চোরের দল বেশ কয়েকটি ইলেকট্রিক বোর্ড ও তারের বাক্স ভাঙচুর করে এবং সেখানে সংরক্ষিত থাকা নগদ প্রায় ৩ হাজার ৫০০ টাকা নেয়। শনিবার সকালে মাদ্রাসার শিক্ষকরা ৩ এর পাতায় দেখুন

মির্জাগঞ্জে ছাত্রদলের পাল্টাপাল্টি কমিটি ঘোষণায় তোলপাড়

মির্জাগঞ্জ প্রতিনিধি

পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলা ছাত্রদলের অভ্যন্তরীণ বিরোধ ও গ্রুপিংকে কেন্দ্র করে উপজেলার বিভিন্ন ইউনিয়ন শাখায় পাল্টাপাল্টি আংশিক কমিটি ঘোষণার ঘটনা ঘটেছে। একই তারিখে ভিন্ন ভিন্ন স্বাক্ষর ও প্যাডে এসব কমিটি প্রকাশের পর স্থানীয় নেতাকর্মীদের মধ্যে বিভ্রান্তি, আলোচনা-সমালোচনা ও অসন্তোষ দেখা দিয়েছে। মঙ্গলবার (১৭ আগস্ট) বিভিন্ন ইউনিয়ন ছাত্রদলের এসব কমিটি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করা হয়। একই ইউনিয়নের জন্য ভিন্ন দুটি পক্ষ থেকে আলাদা কমিটি ঘোষণা করা হয়েছে বলে সংশ্লিষ্ট নথি ও নেতাদের বক্তব্যে জানা গেছে। এক পক্ষের প্রকাশিত কমিটিতে উপজেলা ৩ এর পাতায় দেখুন

‘জীবনের গল্প বাকি আছে অল্প’ ফেসবুকে পোস্ট দেওয়া বিএনপি নেতার মৃত্যু

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী পৌরসভা বিএনপির যুগ্ম আহ্বায়ক এসএম জাকির হোসেন (৫১) গত ৪ আগস্ট নিজের ফেসবুক অ্যাকাউন্টে ‘জীবনের গল্প বাকি আছে অল্প’ শিরোনামে একটি পোস্ট দিয়েছিলেন। সেই পোস্ট দেওয়ার দুই সপ্তাহের মধ্যেই না ফেরার দেশে চলে গেলেন তিনি। সোমবার (১৭ আগস্ট) নিজ বাড়িতে গুরুতর অসুস্থ হয়ে পড়লে স্বজনরা তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। জাকির হোসেন দীর্ঘদিন ধরে লিভার ক্যানসারে ভুগছিলেন। গৌরনদী উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক বদিউজ্জামান মিন্টু জানান, দীর্ঘদিন ধরে লিভার ক্যানসারে আক্রান্ত ছিলেন জাকির হোসেন। পরিবার, দল এবং তথ্যমন্ত্রীর ব্যক্তিগত সহায়তায় দেশ-বিদেশের বিভিন্ন হাসপাতালে তার চিকিৎসা করানো হয়। সোমবার বাদ আছর গৌরনদী উপজেলা পরিষদ চত্বরে জানাজা শেষে ৩ এর পাতায় দেখুন

নদীভাঙনের মুখে বাউফলের ৪ প্রাথমিক বিদ্যালয়

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে চারটি সরকারি প্রাথমিক বিদ্যালয় নদীভাঙনের ঝুঁকিতে পড়েছে। বিদ্যালয়গুলোর খুব কাছাকাছি চলে এসেছে তেঁতুলিয়া ও কারখানা নদী। যেকোনো সময় বিদ্যালয়গুলো নদীগর্ভে বিলীন হয়ে যেতে পারে বলে আশঙ্কা করছেন স্থানীয়রা। সংশ্লিষ্ট সূত্র জানায়, কাছিপাড়া ইউনিয়নের তিনটি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভয়াবহ নদীভাঙনের ঝুঁকিতে রয়েছে। বিদ্যালয়গুলোর খুব কাছাকাছি চলে এসেছে কারখানা নদী। যেকোনো সময় বিদ্যালয়গুলো নদীগর্ভে বিলীন হয়ে যেতে পারে বলে আশঙ্কা করছেন স্থানীয়রা। অপরদিকে, তেঁতুলিয়া নদীর ভাঙনের মুখে পড়েছে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়। সরেজমিন পরিদর্শনকালে জানা যায়, বাহেরচর বন্দর এলাকার কারখানা নদীর তীর থেকে মাত্র ২০ থেকে ২৫ ফুট দূরে রয়েছে চররঘুনউদ্দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়। একইভাবে নদী থেকে প্রায় ৭০ থেকে ৮০ ফুট দূরে ৩ এর পাতায় দেখুন

সুগন্ধার বুকে নৌকাবাইচ
আবহমান বাংলার ঐতিহ্যে মুখর ঝালকাঠি

ঝালকাঠি প্রতিনিধি

উৎসবমুখর পরিবেশ আর আবহমান বাংলার ঐতিহ্যবাহী নৌকাবাইচকে ঘিরে প্রাণের উচ্ছ্বাসে মুখর হয়ে উঠেছিল ঝালকাঠির সুগন্ধা নদীর তীর। নানা আয়োজন ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে জাতীয় মৎস্য পক্ষ-২০২৬-এর সমাপনী, মূল্যায়ন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৮ আগস্ট) জেলা প্রশাসন ও মৎস্য অধিদপ্তরের আয়োজনে শহরের ৩ এর পাতায় দেখুন

পা বেঁধে পানিতে ফেলে দুই ছাগল হত্যার অভিযোগে মামলা

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদে পা বেঁধে পানিতে ফেলে দুটি ছাগল হত্যার অভিযোগে সুনীল হালদারের বিরুদ্ধে মামলা করেছেন ছাগলের মালিক হালিম হাওলাদার। সোমবার (১৭ আগস্ট) রাতে নেছারাবাদ থানায় মামলাটি করা হয়। অভিযুক্ত সুনীল হালদার ওই গ্রামের মৃত মনোহর হালদারের ছেলে। এর আগে গত রোববার (১৬ আগস্ট) বিকেলে উপজেলার সমুদয়কাঠি ইউনিয়নের মৈশানী গ্রামের কৃষক হালিম হাওলাদারের দুটি ছাগল পাশের বাড়ির সুনীল হালদারের ফসলি জমিতে গিয়ে গাছপালা ও ফসল নষ্ট করে। এতে ক্ষুব্ধ হয়ে সুনীল হালদার ছাগল দুটিকে ধরে পা বেঁধে পানিতে ফেলে দেন বলে অভিযোগ করেন ছাগলের মালিক। পরে স্থানীয়রা একটি ডোবা ৩ এর পাতায় দেখুন

মনপুরা স্বাস্থ্য কমপ্লেক্স
শয্যাসংকটে র‌্যাম্পে হামের চিকিৎসা শিশুদের

মনপুরা প্রতিনিধি

শয্যা বেড়েছে। তবে অবকাঠামো, জনবল ও অন্যান্য সুযোগ-সুবিধা রয়ে গেছে আগের মতোই। ফলে ধারণক্ষমতার তিন গুণ রোগীর চাপে দ্বীপবাসীর একমাত্র চিকিৎসাকেন্দ্রটি এখন নিজেই রোগী। উপজেলা প্রতিষ্ঠার চার দশক পেরিয়ে গেলেও ভোলার নদীবেষ্টিত উপজেলা মনপুরার সরকারি হাসপাতাল এখনও কাঙ্ক্ষিত স্বাস্থ্যসেবা দিতে পারছে না। হাসপাতাল সূত্রে জানা যায়, ১৯৮৬ সালে ৩১ শয্যা নিয়ে যাত্রা শুরু করা মনপুরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। ২০১৪ সালে সেটি ৫০ শয্যায় উন্নীত হয়। তবে শয্যা বাড়লেও অবকাঠামো, জনবল ও সুযোগ-সুবিধা রয়ে গেছে আগের মতোই। ফলে ধারণক্ষমতার তিন গুণ রোগীর চাপে দ্বীপবাসীর একমাত্র চিকিৎসাকেন্দ্রটি এখন কাবু। সূত্র জানায়, হাসপাতালটিতে চিকিৎসক, নার্সসহ বিভিন্ন স্তরে ১২৪টি পদের বিপরীতে কর্মরত রয়েছেন মাত্র ৩ এর পাতায় দেখুন

নগরীর কেডিসিতে গৃহবধূ রিপা বেগম হত্যাকারী স্বামী শাহাদাত খলিফা ও শাশুড়ী নামজা বেগমের বিচারের দাবিতে মানববন্ধন -কীর্তনখোলা

কাউখালীতে নাগরিক উদ্যোগের বার্ষিক পর্যালোচনা সভা

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে “কমিউনিটিভিত্তিক বিরোধ মীমাংসার মাধ্যমে ন্যায়বিচার প্রাপ্তিতে, জেন্ডার ন্যায্যভিত্তিক অভিগম্যতা বৃদ্ধি” প্রকল্পের আওতায় আরজেএমএফ সদস্য এবং অন্যান্য অংশীজনদের নিয়ে উপজেলা পর্যায়ে, বার্ষিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। নাগরিক উদ্যোগ কাউখালী উপজেলা শাখার আয়োজনে, ১৮ই আগস্ট (মঙ্গলবার) সকাল ১০ ঘটিকার সময় কাউখালী উপজেলা পরিষদ সভাকক্ষে, এ আলোচনা সভা অনুষ্ঠিত ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগঃ ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বারঃ এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্যঃ ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বারঃ মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্যঃ ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসাঃ বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling. Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইলঃ ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদকঃ মোঃ ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদকঃ মিতা মোস্তফা, সহযোগী সম্পাদকঃ আল হাফিজ, নির্বাহী সম্পাদকঃ এম জামান, প্রকাশকঃ কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com